তোমারদের ঈশ্বর যে বাহির করিয়া আনিলাম
৩৭ তোমারদিগকে মিসর দেশ হইতে অতএব মান
আমার সমস্ত বিধি ও আমার সমস্ত বিচার ও
তাহা কর। আমি যিহুহা।

পর্ব্ব যিহুহা কহিলেন মোশাকে পুনর্ব্বার কহ
২০ যিশরালের সন্তানেরদিগকে যিশরালের সন্তানের
যে জন ও যাহারা বসতি করে যিশরালের সন্তানের
দের মধ্যে তাহারদের যে জন দেয় তাহার কোন
সন্তান মলখকে তাহাকে অবশ্য মারিয়া ফেলিতে
হবেক সে দেশের লোকেরা পাথর মারুক তাহাকে
সে দিল তাহার সন্তান মলখকে ব্যবহার্য্য করিতে
৩ আমার পবিত্র স্থান ও আমার পবিত্র নাম অতএব
আমি ও মুখ করিব সে মানুষের বিপরিতে ও
তাহাকে কাটিয়া ফেলাইব তাহার লোকেরদের মধ্যে
৪ হইতে। যদি দেশের লোক কোন মতে তাহারদের
চক্ষু আচ্ছাদন করে সে লোকের দোষ যেন না দেখে
যখন তাহার সন্তান দেয় মলখকে এবং মারিয়া না
৫ ফেলায় তাহাকে তবে আমি মুখ করিব সে লোক
ও তাহার পরিজনের বিপরিতে ও তাহারদের লোক
হইতে কাটিয়া ফেলাইব তাহাকে ও তাহার সহায়
যাহারা অসৎ ক্রিয়া করে মলখের সহিত।
৬ যে কোন প্রাণী পৈষাচী ও গুনির কাছে যায় অসৎ
ক্রিয়া করিতে তাহারদের সহিত আমিই আমার
মুখ করিব সে প্রাণীর বিপরিতে ও কাটিয়া ফেলাইব
তাহাকে তাহার লোকেরদিগ হইতে।

৭ আমি য়িহুহা তোমারদের ঈশ্বর। অতএব
৮ তোমরা পবিত্র ও ধার্ম্মিক হও। তোমরা পালন কর
আমার বিধি ও কর তাহা। আমি য়িহুহা যে
পবিত্র করি তোমারদিগকে।

৯ যে কেহ শাপ দেয় তাহার পিতা কি তাহার মাতাকে
নিতান্তই তাহাকে খুন করিতে হবেক সে শাপ দিয়াছে
তাহার পিতা কি মাতাকে তাহার বধ ভোগ হবেক।
১০ যে মানুষ অসৎ ক্রিয়া করে আর এক জনের স্ত্রীর
সহিত যে অক্রিয়া করে তাহার প্রতিবাসীর জায়ার
সহিত সে অসৎ ও সে অসতীকে নিতান্তই মারিয়া
১১ ফেলাইতে হবেক। যে মানুষ শৃঙ্গার করে তাহার
পিতার জায়ার সহিত সে ওদলা করে তাহার পিতার
ওলঙ্গতা তাহারদের দুই জনকে মারিয়া ফেলিতে
১২ হবেক তাহারদের বধ ভোগ হবেক। যদি কোন
মানুষ শৃঙ্গার করে তাহার পুত্র বধুর সহিত তবে
দুই জনকে নিতান্তই মারিয়া ফেলাইতে হবেক তাহারা
এলুমেল্ কাব করিয়াছে তাহারদের বধ ভোগ হবেক।
১৩ যদি পুরুষ শৃঙ্গার করে পুরুষের সহিত স্ত্রীর মত
তাহারা দুই জন করিয়াছে ঘৃনিত ক্রিয়া তাহারদিগকে
নিতান্তই মারিয়া ফেলিতে হইবে তাহারদের খুন ভোগ
১৪ হইবে। যদি কোন মানুষ বিবাহ করে স্ত্রী ও তাহার
মাতাকে এ পাপ তাহারদিগকে তিন জনই আগুনে
পোড়াইতে হবেক যেন দুষ্ট ক্রিয়া থাকে না তোমারদের
১৫ মধ্যে। যদি কোন মানুষ শৃঙ্গার করে পশুর সহিত
তবে নিতান্তই তাহাকে মারিয়া ফেলিতে হবেক

১৬ ও তোমরা মারিয়া ফেল সে পশুকে। যদি কোন
মাইয়া মানুষ আইসে পশুর নিকট ও শয়ন করে
তাহার সহিত তবে তোমরা মারিয়া ফেল সে মাইয়া
মানুষ ও পশুকে তাহারদিগকে অবশ্য মারিয়া
১৭ ফেলিতে হবেক তাহারদের বধ ভোগ হবেক। যদি
কোন মানুষ তাহার ভগিনী তাহার পিতার কন্যা
কি তাহার মাতার কন্যাই লইয়া দেখে তাহার
ওলঙ্গতা ও সে দেখে পুরুষের ওলঙ্গতা ইহা এক দুষ্ট
ক্রিয়া তাহারদিগকে ছেদন করিতে হবেক তাহারদের
লোকের দৃষ্টে সে ওদলা করিয়াছে তাহার ভগিনীর
১৮ ওলঙ্গতা সে ভোগ করিবেক তাহার পাপ। যদি কোন
মানুষ শৃঙ্গার করে রজস্বলা স্ত্রীর সহিত ও ওদলা
করে তাহার ওলঙ্গতা সে প্রকাশ করিয়াছে তাহার
ওনই ও সেই ও ওদলা করিয়াছে আপনার রক্তের
ওনই সেই দুই জনকে ছেদন করিতে হবেক তাহার
১৯ দের লোকেরদিগ হইতে। তুমি ওদলা করিও না
তোমার মাশী কি পিশীর ওলঙ্গতা যে তাহা করে সে
ওদলা করে তাহার নিকটস্থ কুটুম্ব তাহারা পাপ ভোগ
২০ করিবেক। যদি কোন মানুষ শৃঙ্গার করে তাহার
মাতুলের জায়ার সহিত তবে সে ওদলা করিয়াছে
তাহার মাতুলের ওলঙ্গতা তাহারা ভোগ করিবেক
তাহারদের পাতক তাহারা নিঃসন্তান মরিবেক।
২১ যদি কোন মানুষ লয় তাহার ভাইর স্ত্রীকে তাহাই
এক অশুচি কার্য্য সে ওদলা করিয়াছে তাহার
ভ্রাতার ওলঙ্গতা তাহারা ও হবেক নিঃসন্তান।——

২২ অতএব তোমরা পালন কর আমার সমস্ত বিধি ও
আমার সকল ব্যবস্থা ও কর তাহা যেন দ্বমি যাহাতে
আমি আনিব তোমারদিগকে বসতি কারণ বমি
২৩ করিয়া না ফেলায় তোমারদিগকে। সে লোকেরদের
ব্যবহার মত চলিও না যাহা আমি ফেলাইয়া দিব
তোমারদের সন্মুখ হইতে তাহারা করিয়াছে এ সকল
কায অতএব আমি ঘৃনা করিলাম তাহারদিগকে কিন্তু
২৪ আমি বলিয়াছি তোমারদিগকে তোমরা অধিকার
করিবা তাহারদের দেশে ও আমি তাহা দিব তোমার
দিগকে সে ভূমি দুগ্ধ মধু পূর্ন। আমি য়িহুহা
তোমারদের ঈশ্বর যে আলাদা করিয়াছি তোমার
২৫ দিগকে আর সকল লোক হইতে। অতএব তোমরা
শুচি অশুচি পশু ও শুচি অশুচি পক্ষী ভেদ কর তোমার
দের প্রান ঘৃনাযুক্ত করিও না পশু পক্ষী কি কোন
প্রকার জীবে যাহারা গতি করে পৃথিবীর উপর যাহা
আমি অশুচি বলিয়া আলাদা করিয়াছি তোমারদিগ
২৬ হইতে। আমি য়িহুহা ধর্ম্ম অতএব তোমরা ধার্ম্মিক
হও আমি আলাদা করিয়াছি তোমারদিগকে অন্য
২৭ লোক হইতে আমার লোক হওনের কারন। পৈশাচিক
ও পৈশাচিকী ও গুনিকে অবশ্য মারিয়া ফেলিতে
হইবে লোকেরা পাথর মারুক তাহারদিগকে তাহার
দের বধ ভোগ হবেক।

পর্ব্ব পরে যিহুহা এই কথা কহিলেন মোশাকে কহ
২১ আহারনের পুত্র পুরোহিতেরদিগকে কোন কেহ
অশুচি হওক না মরার কারন তাহার লোকের মধ্যে

২ কিন্তু তাহার নিকটস্থ তাহার মাতা ও পিতার
৩ কারন কিম্বা তাহার পুত্র ও কন্যা ও ভ্রাতার
কারন এবং তাহার আইবড় ভগিনী যাহার বিবাহ
৪ হয় নাহি তাহার কারন সে অশুচি হইতে পারে। সে
তাহার লোকেরদের মধ্যে প্রধান হইয়া আপনাকে
৫ অশুচি করুক না ধর্ম্মোচ্ছিত হওনার্থে তাহারা
আপনারদের মাথা নেড়া করুক না তাহারা ক্ষৌরি ও
হওক না তাহারদের গোঁপের কোন তাহারদের
৬ মাংস ও কাটুক না তাহারা হওক পবিত্র তাহারদের
ঈশ্বরের কাছে যেন ব্যবহার না করে তাহারদের
ঈশ্বরের নাম তাহারা অগ্নিতে উৎসর্গ করে
যিহুহার নিবেদনার্থীয় ও তাহারদের ঈশ্বরের ভক্ষ্য
৭ অতএব পবিত্র হওক তাহারা। সেই আছে পবিত্রি
যিহুহার কাছে তাহারা বেশ্যা কি দুরাচারণী কি
৮ স্বামীত্যাগী বিবাহ করুক না এ জন্য সে উৎসর্গ
করে তোমার ঈশ্বরের ভক্ষ্য অতএব তুমি
তাহাকে শুচি কর সে হবেক পবিত্র তোমারদের
কাছে আমি যিহুহা ইম্মাই যে পবিত্র করি
তোমারদিগীকে ।

৯ কোন যাজকের কন্যা যদি বেশ্যা ক্রিয়াতে আপনাকে
ব্যবহার্য্য করে সে ব্যবহার্য্য করে তাহার পিতাকে
১০ অতএব তাহাকে অগ্নিতে পোড়াইতে হবেক তাহার
ভ্রাতারদের মধ্যে যেই প্রধান পুরোহিত যাহার মাথায়

অভিষেকার্থ তৈল ঢালা হইল ও যে পবিত্র হইয়াছে
পরিচ্ছদ পরনার্থে সেই মাথা উদলা করুক না কি
১১ ছিড়িয়া ফেলাউক না তাহার পরিচ্ছদ সে যাউক না
কোন মরার কাছে ও অশুচি হউক না তাহার পিতা
১২ কি মাতা কারন সে বাহিরে যাউক না পবিত্র স্থান
হইতে ও তাহার ঈশ্বরের পবিত্র স্থান ব্যবহার্য্য করুক
না তাহার ঈশ্বরের অভিষেকার্থ তৈলের মুকুট তাহার
১৩ মাথার উপরে। আমি হই য়িহুহা। সে ও বিবাহ
১৪ করিবেক অব্যবহারী কন্যা বিধবা কি স্বামী ত্যগী
কি দুরাচারিনী কি বেশ্যা এই সকল বিবাহ করুক না
কিন্তু তাহার আপনার লোকের এক জন অব্যবহারী
১৫ কন্যা বিবাহ করুক তাহার সন্তান ও ব্যবহার্য্য করুক
না তাহার লোকেরদের মধ্যে। আমি য়িহুহা
পবিত্র করি তাহাকে।

১৬ য়িহুহা ও এ কথা কহিলেন মোশাকে কহ
১৭ আহারনকে পুরুষানুক্রমে তোমারদের সন্তান যে
জনের কোন কলঙ্ক হয় সে নিকটে আসিতে পাইবে
১৮ না তাহার ঈশ্বরের ভক্ষ্য উৎসর্গ করিতে যে কোন
মানুষে কলঙ্ক হয় সে নিকটে আসুক না কানা কি
১৯ খোঁড়া কি যে খেঁটানাক কি কোন অধিকাংশিক কি পা
২০ ভাঙ্গা কি হাত ভাঙ্গা কি কুঁজা কি বামন কি যাহার
চক্ষে ফুঁত থাকে কি দাদুয়া কি চক্রী কি অণ্ড ভাঙ্গা
২১ আহারন যাজকের সন্তানের কলঙ্কী কোন মানুষ
য়িহুহার আগুনে নিবেদনার্থীয় উৎসর্গ করিতে
নিকটে আসুক না তাহার কলঙ্ক আছে সে নিকট

আসুক না তাহার ঈশ্বরের ভক্ষ্য ওৎসর্গ করিতে
২২ সে খাইতে পারে তাহার ঈশ্বরের প্রসাদ যাহা
২৩ পবিত্র এবং পবিত্র কেবল সে যাইতে পারে
না মাঝখানে পরদার ভিতরে কিম্বা যজ্ঞ কুণ্ডের
নিকট তাহার কলঙ্কের কারণে আমার পবিত্র স্থান
ব্যবহার না করনার্থে। আমিই য়িহুহা পবিত্র করি
২৪ তাহারদিগিকে। মোশা তাহা বলিল আহারন ও
তাহার পুত্রেরদিগিকে এবং য়িশরালের সমস্ত
সন্তানেরদিগিকে।

পর্ব্ব ২২
তারপর য়িহুহা এ কথা কহিলেন মোশাকে কহ
আহারন ও তাহার পুত্রেরদিগিকে আপনারদিগিকে
স্বতন্ত্র করিতে য়িশরালের সন্তানেরদের পবিত্র বস্তু
হইতে আমার পবিত্র নাম ব্যবহার না করনার্থে সে
সকল বস্তুতে যাহা তাহারা পবিত্র করে আমার
৩ কারন। আমি য়িহুহা। বল তাহারদিগিকে
তোমার সন্তানের যে কেহ যায় পবিত্র বস্তুর কাছে
যাহা য়িশরালের সন্তানেরা পবিত্র করিয়াছে য়িহুহার
কারন তাহার অশুচিতা থাকিয়া সে প্রাণীকে ছেদন
করিতে হবেক আমার সন্মুখ হইতে। আমি য়িহুহা।
৪ আহারনের সন্তানের যে কোন মানুষ পাখরগ্রস্ত কি
ধাতুচলা সেই পবিত্র বস্তু খাওক না যাবৎ শুচি না হয়
ও যে কেহ স্পর্শ করে কোন বস্তু মরাতে অশুচি কি
৫ যাহার বীর্য্য স্খলন হয় কি যে কেহ স্পর্শ করে কোন
উরগীয় বস্তু যাহাতে অশুচি হইতে পারিবে কি কোন

মানুষ যাহাতে অশুচি হয়  যেং অশুচিতা তাহার
৬ থাকে  যে প্রাণী স্পর্শ করে এমত কোন বস্তু সে
অশুচি হবেক সায়ং কাল পর্য্যন্ত এবং স্নান না
৭ করিলে পবিত্র প্রসাদ খাইবেক না পরে সূর্য্য অস্ত
হইলে শুচি হবেক তৎপরে পবিত্র প্রসাদ খাইতে
৮ পারে একারন তাহা তাহার ভক্ষ্য। যাহা আপনি মরে
কি পশুতে বিদার্য্য তাহা খাইতে পারে না তাহার অশুচি
৯ হওনার্থে। আমি যিহুহা। অতএব তাহারা পালন
করুক আমার বিধি নতুবা পাপ ভোগ করিয়া মরিবে
তাহার কারণ যদি তাহা ব্যবহার করে। আমি যিহুহা
১০ পবিত্র করি তাহারদিগকে। কোন বিদেশী
খাওক না পবিত্র প্রসাদ যাজকের সহবাসী কি
১১ মাহিন্দার লোক খাওক না পবিত্র প্রসাদ কিন্তু যদি
যাজক তঙ্কাতে ক্রয় করে কোন প্রাণীকে সে খাবেক
তাহা এবং যে জন্মা তাহার ঘরে তাহারা খাবেক
১২ তাহার ভক্ষ্য। যদি যাজকের কন্যার বিবাহ হইয়া
থাকে বিদেশীর সাতে সে খাইতে পারে না
১৩ উৎসর্গীয় পবিত্র প্রসাদ যদি যাজকের কন্যা
বিধবা কি স্বামী ত্যাগী নিঃসন্তান হয় সে তাহার
পিতার ঘরে বালিকার প্রায় ফিরিয়া আইলে খাইতে
পারে তাহার পিতার ভক্ষ্য কিন্তু কোন বিদেশী তাহা
খাইতে পারে না।

১৪ যদি কোন মানুষ অজ্ঞাত পবিত্র প্রসাদ খায় তবে
সে তাহার পঞ্চমাংশ আসল সুদ্ধ করিয়া দিওক
১৫ যাজককে। তাহারা ব্যবহার করুক না যিশরালের

সন্তানেরদের পবিত্র বস্তু যাহা ওৎসর্গ করিয়া
১৬ দেয় য়িহুহাকে কি তাহারদিগকে যেন
ঘাইটের ভোগ করায় না যখন তাহারা খায়
তাহারদের প্রমাদ। আমি য়িহুহা যে পবিত্র
করি তাহারদিগকে।——

১৭ য়িহুহা এ কথা কহিলেন মোশাকে এই কথা কহ
১৮ আহারণ ও তাহার পুত্র ও য়িশরালের বংশকে
য়িশরালের বংশ কি য়িশরালের সাতে বিদেশী যে
কেহ ওৎসর্গ করে তাহার নিবেদনার্থীয় তাহার
সমস্ত মাননের কারণ ও তাহার সমস্ত ঐচ্ছুক নিবেদ
নার্থীয়ের কারণ যাহা ওৎসর্গ করি য়িহুহার কাছে
১৯ আহুতির কারণ তাহা হওক আপনার ইচ্ছাপূর্ব্বক এক
পুরুষ নিখুঁতি গরু কি মেষ কি ছাগল যদি তাহার
২০ খুঁত থাকে তবে তাহা ওৎসর্গ করিও না তাহা
২১ গ্রাহ্য হবে নহে তোমারদের কারণ। যে কেহ গরু
কি মেষ ওৎসর্গ করে স্বস্ত্যয়নার্থে য়িহুহার
কাছে কি তাহার মানন পূর্ণ করিতে কি ঐচ্ছুক
ওৎসর্গার্থে তাহা হবেক নিখুঁতি গ্রাহ্য হওনের
২২ জন্য তাহার কোন খুঁত যেন হয় না অন্ধ কি ভাঙ্গা
কি খোঁড়া কি আবুয়া কি দাদুয়া কি ঘুঁটীয়া এই সকল
ওৎসর্গ করিও না য়িহুহার কাছে ও আগুনেতে
ওৎসর্গ করিও না যজ্ঞ কুণ্ডের ওপরে য়িহুহার
২৩ কাছে। গরু কি মেষের বাচ্ছা যাহার কোন অঙ্গ
বেশি কি কম্মি তাহা ওৎসর্গ করিতে পারে ঐচ্ছুক

নিবেদনার্থীয়ের কারন কিন্তু মাননের কারন
২৪ তাহা গ্রাহ্য হবেক না ঘোঁতলা কি চাপাদেয়া কি
ভাঙ্গা কি কাটা ওৎসর্গ করিও না য়িহুহাকে এ
২৫ কোন নিবেদনার্থীয় করিও না তোমারদের দেশে
ওৎসর্গ করিও না তোমারদের ঈশ্বরের ভক্ষ্য
বিদেশীর হাতে তাহারদের অশুচিতা ও ক্ষুঁত আছে
তাহারদের মধ্যে অতএব তাহা গ্রাহ্য হবেক না
তোমারদের কারন।

২৬ য়িহুহা কহিলেন এ কথা মোশাকে। বাছুর কি
২৭ মেষ কি ছাগলের বাচ্চা হইলে সাত দিবস রহিবেক
তাহার মার সহিত অষ্টম দিনাবধি য়িহুহার আগুনে
২৮ ওৎসর্গের কার্য্যে গ্রাহ্য হবেক গরু কি ভেড়ী
তাহা এবং তাহার বাচ্চা এক দিনে বলিদান করিও না।
২৯ যখন স্বস্ত্যয়ন বলিদান ওৎসর্গ করিতে চাহ য়িহুহার
কাছে তখন আপনার ইচ্ছায় তাহা ওৎসর্গ করিও।
৩০ একে দিনে তাহা খাওয়া হওক তাহার কিছু যেন
৩১ থাকে না পর দিবসে। আমি য়িহুহা। অতএব
তোমরা পালন কর আমার আজ্ঞা ও কর তাহা।
৩২ আমি য়িহুহা। তোমরা ব্যবহার করিও না আমার
পবিত্র নাম কিন্তু আমি হইব পবিত্র য়িশরালের
সন্তানেরদের মধ্যে। আমিই য়িহুহা যে পবিত্র
৩৩ করি তোমারদিগকে যে বাহির করিয়া আনিলাম
তোমারদিগকে মিস্রর হইতে তোমারদের ঈশ্বর
হওনের জন্যে। আমি য়িহুহা।

পর্ব্ব যিহুহা ও এ কথা কহিলেন মোশাকে কহ
২৩ যিশরালের সন্তানেরদিগকে যিহুহার পর্ব্বের বিষয়
যাহা তোমরা ঢেড়ি দিয়া জানাইবা পবিত্র সম্বন্ধের
কারণ। এইং আমার পর্ব্ব।
৩ ছয় দিবস কার্য্য কর কিন্তু সপ্তম দিবস বিশ্রামের
শাবত পবিত্র সম্বন্ধই কোন কার্য্য করিও না
তাহাতে। এই যিহুহার শাবত তোমারদের সমস্ত
বসতির মধ্যে।
৪ এইং যিহুহার পর্ব্ব পবিত্র সম্বন্ধই যাহা জানাইবা
৫ তাহার কালে। প্রথম মাসের চৌদ্দশি সায়ংকালে
৬ যিহুহার পেশাক্ষ সেই মাসের পঞ্চদশম দিবস
যিহুহার বেখমির রুটি পর্ব্ব। সাত দিবস
৭ তোমরা খাইও বেখমির রুটি তাহার প্রথম দিবসে
করিও পবিত্র সম্বন্ধ কোন মজুরি কার্য্য করিও না
৮ তাহার মধ্যে কিন্তু আগুন দিয়া নিবেদনার্থীয়
সাত দিবস উৎসর্গ করিও সপ্তম দিবসেই হবেক
পবিত্র সম্বন্ধ তাহাতে মজুরি কার্য্য করিও না।
৯ যিহুহা ও এ কথা কহিলেন মোশাকে কহ
১০ যিশরালের সন্তানেরদিগকে তোমরা সে দেশে
উপনিত হইয়া যাহা আমি দিব তোমারদিগকে ও
তাহার ফসল যবে কাটিয়াছ তবে আন তোমারদের
১১ প্রথম ফলের এক বিড়া যাজকের কাছে তখন সে
দোলাউক সে বিড়া যিহুহার সন্মুখে সুগ্রাহ্যার্থে
তোমারদের কারণ শাবতের পরদিবস যাজক
১২ দোলাউক তাহা ও সে বিড়া দোলন দিনে উৎসর্গ

ফিরিয়া দিও য়িহ্বহার ঠাঁই মেষের এক বৎসরীয়
১৩ নিষ্কুতি পাঠা আহুতির কারন এবং তাহার চরু দুই
দশাংশ ভাল সুজি তৈলে মিশ্রিত এই এক অগ্নিতে
উৎসর্গ য়িহ্বহার কাছে সুগন্ধের কারন পানীয়
নিবেদনার্থীয় ও এক হিনের চতুর্থাংশ দ্রাক্ষা রস
১৪ এ নিবেদনার্থীয় ঈশ্বরের ঠাঁই না আনিয়া খাইও না
রুটি কি ভোজা কি কাঁচা শিস এই সদা কালের
বিধি তোমারদের পুরুষানুক্রমে তোমারদের সমস্ত
বসতিতে।

১৫ যে দিবস তোমরা আন দোলানের নিবেদনার্থীয়
বিড়া সে শাবতের পর দিনাবধি সে দিনাবধিই গনন
১৬ কর সাত শাবত পূর্ন সাত শাবতের পর দিবস
পর্য্যন্তই গননা কর পঞ্চাশ দিবস তখন নুতন চরু
১৭ উৎসর্গ কর য়িহ্বহার কাছে তোমারদের গৃহ হইতে
আন দোলনীয় দুই রুটি দুই২ দশাংশ পরিমান তাহা
ভাল শুজি খমিরযুক্ত ছাকা তাহাই প্রথম ফল য়িহ্বহার
১৮ কাছে। এবং উৎসর্গ কর সে রুটির সহিত
সাতটা এক বৎসরীয় নিষ্কুতি মেষের বাচ্চা এক
আঁড়িয়া বাছুর ও দুইটা মেষ তাহারা আহুতি হবেক
য়িহ্বহার কাছে তাহার চরু ও পানীয় নিবেদনার্থীয়
সুদ্ধ আগুনে নিবেদনার্থীয়ই সুগন্ধের কারন
১৯ য়িহ্বহার কাছে তখন বলিদান কর একটা ছাগী বাচ্চা
পাপের নিবেদনার্থীয়ের কারন এবং এক বৎসরীয়
২০ দুইটা মেষের বাচ্চা স্বস্ত্যয়নের কারন যাজক
তাহা দোলাউক প্রথম ফলের রুটি সুদ্ধ দোলা

নিবেদানর্থীয় য়িহুহার সন্মুখে দুই মেষের বাচ্চার
সহিত তাহা পবিত্র হবেক য়িহুহার কাছে যাজকের
২১ দেব কারন তোমরা ও ঢেড়া দিয়া জানাও সেই
দিবসে যে তাহাতে হবেক তোমারদের পবিত্র সমূহ
কোন মজুরি কার্য করিও না তাহার মধ্যে এই সদা
কালের বিধি তোমারদের বসতিতে তোমারদের
পুরুষানুক্রমে ।

২২ তোমারদের ভূমির ফসল কাটন কালে কুড়াইয়া
কাট না তোমারদের ভূমির কোন ধারা ফসল ও
কুড়াইও না তাহা ছাড় গরিব ও বিদেশীর কারন ।
আমি য়িহুহা তোমারদের ঈশ্বর ।

২৩ য়িহুহা ও কহিলেন মোশাকে এই কথা কহ
২৪ য়িশ্রায়েলের সন্তানেরদিগকে সপ্তম মাসের প্রথম
দিনে শাবত করিও তাহা তুরি বাজনের স্মরণার্থে
২৫ পবিত্র সমূহ কোন মজুরি কার্য্য করিও না তাহাতে
কিন্তু আগুনে নিবেদার্থীয় উৎসর্গ করিও য়িহুহার
কাছে ।

২৬ য়িহুহা এ কথা কহিলেন মোশাকে এ সপ্তম মাসের
২৭ দশম দিন হবেক প্রায়শ্চিত্তা করনের দিবস তাহাতে
হবেক তোমারদের পবিত্র সমূহ তোমরা তাহাতে
দুঃখ দিও তোমারদের প্রানকে এবং আগুনে
নিবেদনার্থীয় উৎসর্গ করিও য়িহুহার কাছে

২৮ সে দিবসে কোন কার্য্য করিও না তাহাই প্রায়শ্চিত্ত
করণের দিবস প্রায়শ্চিত্ত করিতে তোমারদের কারণ
২৯ তোমারদের ঈশ্বর য়িহুহার কাছে যে প্রাণী দুঃখ
পায় না সে দিবসে তাহাকে ছেদন করিতে হবেক
৩০ তাহার লোকেরদিগ হইতে এবং যে কোন প্রাণী
কোন কার্য্য করে সেই দিবসে সেই প্রাণীকে
সংহার করিব তাহার লোকেরদিগ হইতে।
৩১ কোন প্রকার কার্য্য করিও না এই সদা কালের
বিধি তোমারদের পুরুষানুক্রমে তোমারদের সমস্ত
৩২ বসতিতে। ইহা তোমারদের বিশ্রামের শাবত তোমরা
দুঃখ দিও তোমারদের প্রাণকে মাসের নবম দিবসের
সায়ংকালে সায়ংকালাবধি সায়ং কাল পর্য্যন্ত
পালন কর তোমারদের শাবত।
৩৩ য়িহুহা কহিলেন এ কথা মোশাকে এই কথা
৩৪ কহ য়িশ্রালের সন্তানেরদিগকে এ সপ্তম মাসের
পঞ্চদশম দিনে হবেক তাম্বুর পর্ব্ব সাত দিবস
৩৫ য়িহুহার কাছে প্রথম দিনে হবেক পবিত্র সমূহ
৩৬ কোন মজুরি কার্য্য করিও না সাত দিবস আগুনে
নিবেদনার্থীয় উৎসর্গ করিও য়িহুহার কাছে পরে
অষ্টম দিনে হবেক তোমারদের পবিত্র সমূহ সে দিনে
আগুনে নিবেদনার্থীয় উৎসর্গ কর য়িহুহার কাছে
৩৭ এই পরমার্থিক সভা তাহাতে কার্য্য করিও না। এই
য়িহুহার পর্ব্ব যাহা ছোড় দিয়া পবিত্র সমূহ জ্ঞাত
করাইবা আগুনে নিবেদনার্থীয় উৎসর্গ করিতে
য়িহুহার কাছে আহুতি ও চরু ও বলিদান ও পানীয়

নিবেদনার্থীয় করণার্থে প্রতি কার্য্য আপনং দিনে
৩৮ য়িহুহার শাবত ও তোমারদের দান ও সমস্ত মানন
এবং সমস্ত ঐচ্ছিক নিবেদনার্থীয় আজ্ঞা যাহা দিবা
৩৯ য়িহুহাকে। সপ্তম মাসের পঞ্চদশম দিবসে ভূমির
ফল একত্র করিয়া কর সাত দিবস পর্ব্ব য়িহুহার
কাছে প্রথম দিনে শাবত ও অষ্টম দিনে শাবত।
৪০ প্রথম দিনে লইও ভাল গাছের ডাল ও তালের
বাগুড়া ও ঘন গাছের ডাল ও নদীর কুলের বাইসি
গাছ ও সাত দিবস আনন্দ কর তোমারদের ঈশ্বর
৪১ য়িহুহার সন্মুখে তাহাই কর এক পর্ব্ব য়িহুহার কাছে
সাত দিন বৎসরের মধ্যে এই সদাকালের বিধি
তোমারদের পুরুষানুক্রমে কর তাহা সপ্তম মাসে।
৪২ বাস কর চালনার মধ্যে সাত দিবস সমস্ত য়িশ্রালী
৪৩ জাত বাস করুক চালনায় তাহাতে তোমারদের
আগত পুরুষ জানিতে পারিবেক যে আমি বাস
করাইলাম য়িশ্রালের সন্তানেরদিগকে চালনায়
যখন বাহির করিয়া আনিলাম তাহারদিগকে
মিসর হইতে। আমি য়িহুহা তোমারদের ঈশ্বর।
৪৪ পরে মোশা কহিয়া দিল য়িশ্রালের সন্তানেরদিগকে
য়িহুহার পর্ব্বের বিষয়।

পর্ব্ব য়িহুহা ও এ কথা কহিলেন মোশাকে। আজ্ঞা কর
২৪ য়িশ্রালের সন্তানেরদিগকে জিতের পরিস্কার চাপা
তৈল আনিতে আলোর কারণ সদাকাল প্রদীপের
৩ দীপ্তি করণার্থে সাক্ষীর পরদার বাহিরে মণ্ডলির

পবিত্র তাম্বুর মধ্যে আহারন সদাকালে তাহা
সাজাওক সায়ংকালাবধি প্রভাত পর্য্যন্ত য়িহুহার
সন্মুখে এই সদাকালের এক বিধি তোমারদের
৪ পুরুষানুক্রমে। সে নিত্য সাজাওক প্রদীপ নির্ভাজ গাছ
প্রদীপের ওপরে।

৫ তুমি ও ভাল সুজি লইয়া বারোখান রুটি কর
৬ এক২ রুটি দুই২ দশাংশ। এবং তাহা দুই সারি
করিয়া ছয়খান কর এক২ কাতরে নির্ভাজ মেজের
৭ ওপর য়িহুহার সন্মুখে। এবং নির্ভাজ লবান দিও
প্রতি সারির ওপরে তাহা হওক রুটির ওপর স্মর
নার্থে তাই আগুনে এক ওৎসর্গ য়িহুহার সন্মুখে।
৮ প্রতি শাবত সে তাহা নিত্য সাজাইয়া রাখুক য়িহুহার
সন্মুখে য়িশরালের সন্তানেরদিগ হইতে লইয়া
৯ সদাকালের বন্দোবস্ততে। তাহা হবেক আহারন
ও তার পুত্রেরদের তাহারা খাওক তাহা পবিত্র স্থানে
বসিয়া তাহাই সাদা কালের বিধিতে যহা পবিত্র
তাহার কারন য়িহুহার আগুনে ওৎসর্গীয়ের
মধ্যে।

১০ য়িশরালের এক নারীর পুত্র তাহার পিতা মিজরী
বাহিরে গেল য়িশরালের সন্তানেরদের মধ্যে পরে
য়িশরালের নারীর সে পুত্র ও য়িশরালের এক
১১ জন ঝকড়া করিল সৈন্য স্থলিতে। তাহাতে
য়িশরালের নারীর পুত্র নাম পাষণ্ডতা করিল
ও শাপ দিল তখন তাহারা আনিল তাহাকে মোশার

কাজে। তাহার মাতার নাম শলমিত দানের
১২ গোষ্ঠি দিব্রির কন্যা। তাহারা কএদ করিল তাহাকে
যিহুহার ইচ্ছা জ্ঞাত হওনের জন্য তাহারদিগকে
১৩ তৎকালে যিহুহা কহিলেন এ কথা মোশাকে। সৈন্য
১৪ স্থলির বাহির করিয়া আন তাহাকে যে শাপ দিল
তখন যাহারা শুনিল তাহারা হাত দিউক তাহার
মাথায় পরে সমস্ত মণ্ডলি পাথর মারুক তাহাকে।
১৫ এই কথা ও কহ যিশরালের সন্তানেরদিগকে যে
কেহ শাপ দেয় তাহার ঈশ্বরকে সে তাহার পাপের
১৬ ভোগ করিবেক এবং যে কেহ পাষণ্ডতা করে
যিহুহার নাম তাহাকে অবশ্য মারিয়া ফেলিতে
হবেক সমস্ত মণ্ডলি অবশ্য পাথর মারিবেক তাহাকে
একেই মত বিদেশী কি সদেশী যখন নাম পাষণ্ডতা
করে নিতান্তই মারিয়া ফেলা হবেক।
১৭ যে কেহ বধ করে কাহাকে নিতান্তই মারিয়া ফেলা
১৮ হবেক। যে জন বধ করে পশু সে তাহার নিস্তা
১৯ দিউক পশুর কারন পশু। যদি কেহ তাহার প্রতি
বাসীর ক্ষুণ্ণ করে যেমন করিয়াছে তেমন করিতে
২০ হবেক তাহাকে ভঙ্গনের কারন ভাঙ্গা চক্ষুর কারন
চক্ষু দন্তের কারন দন্ত যেমত ক্ষুণ্ণ করিল
২১ কাহার সেই মত করিতে হবেক তাহাকে। যে
কেহ বধ করে পশু সে তাহার নিস্তা করুক যে কেহ
বধ করে মানুষকে তাহাকে মারিয়া ফেলিতে হবেক
২২ তোমারদের হউক এক প্রকার বিধি দেশী বিদেশীর।
আমি যিহুহা তোমারদের ঈশ্বর।

২৩ পরে য়োশা কহিল য়িশরালের সন্তানেরদিগকে
সৈন্যের স্থলির বাহিরে আনিতে ও পাথর মারিতে
তাহাকে যে শাপ দিল এবং য়িশরালের সন্তানেরা
করিল তাহা যেমন য়িহুহা আজ্ঞা দিয়াছিলেন
য়োশাকে।

পর্ব্ব য়িহুহা এ কথা কহিলেন য়োশাকে সিনী পর্ব্বতের
২৫ উপরে কহ য়িশরালের সন্তানেরদিগকে তোমরা
সে দেশে পৌছিলে তাহা আমি দিব তোমারদিগকে
৩ দেশ পালন করুক য়িহুহার শাবত ছয় বৎসর বুন
তোমারদের ক্ষেত ও ছয় বৎসর কাটিও তোমারদের
৪ দ্রাক্ষা ক্ষেত ও কুড়াও তাহার ফল কিন্তু সপ্তম
বৎসর হবেক দেশের বিশ্রাম শাবত য়িহুহার
কারন তোমরা বুনিও না তোমারদের ক্ষেত ও
৫ তোমার দ্রাক্ষা গাছ কাটিও না। যে ফসল আপনি হয়
তাহা কাটিও না কুড়াও না তোমারদের অকাটা দ্রাক্ষা
৬ গাছের ফল এই ভূমির বিশ্রাম বৎসর। দেশের
শাবত হবেক তোমারদের ভক্ষ্য তুমি ও তোমার
চাকর ও তোমার দাসী ও তোমার মাহিন্দার চাকর
ও বিদেশীর কারন যে বসতি করে সমস্ত তোমার
৭ দের সাতে ও তোমার পশু ও তোমার দেশের জীবের
কারন সে উৎপন্ন হবেক তাহারদের ভক্ষ্য।

৮ গননা কর বৎসরের সাত শাবতের সাত গুন
সাত বৎসরের সাত গুনই এবং বৎসরের

৯ সাত শাবত হবেক ঊনপঞ্চাশ বৎসর তখন
মহোৎসবের তুরি বাজাও সপ্তম মাসের দশম
দিবসে প্রায়শ্চিত্ত করনের দিনেই তুরি বাজাও
১০ তোমারদের সমস্ত দেশে এবং পবিত্র কর সে
পঞ্চাশতীয় বৎসর ও খালাস হওনের সমাচার দিও
সমস্ত দেশে সমস্ত রাইয়তেরদিগকে ইহা মহোৎসব
তোমারদের কারন তাহাতে প্রতি জন ফের যাবেক
তাহার অধিকার ও তোমারদের প্রতি জন যাবেক
১১ আপনার পরিজনের নিকটে। সে পঞ্চাশতীয়
বৎসর হবেক মহোৎসব তোমারদের কারন বুনিও
না ও যাহা আপনি হয় তাহা দাইও না তোমরা
কুড়াইও না তোমারদের অকাটা দ্রাক্ষা গাছের ফল।
১২ তাহাই মহোৎসব তাহা হবেক পবিত্র তোমারদের
কারন তোমরা খাইও খরা ফল ক্ষেত হইতে।
১৩ মহোৎসব বৎসরে প্রতি মানুষকে ফিরে যাইতে
১৪ দিও আপনার অধিকারে। যদি কোন বস্তু বিক্রয়
কর তোমার পড়সীর কাছে কি ক্রয় কর তোমার
পড়সি হইতে তবে পরস্পর জুয়াচুরি করিও না
১৫ মহোৎসব যত বৎসর গত হইল তদনুযায়ি ক্রয় কর
তোমার পড়সী হইতে ও ফলের যত বৎসরানু
১৬ যায়ি সে বিক্রয় করুক তোমার কাছে বেসি
বৎসরের মত মূল্য বেসি কর ও বৎসরের
কমির মত তাহার মূল্য কমি কর ফলের যত বৎসর
তদানুযায়ি সে বিক্রয় করে তোমার কাছে।
১৭ পরস্পর জুয়াচুরি করিও না কিন্তু ভয় কর

তোমার ঈশ্বর য়িহুহাকে আমিই য়িহুহা তোমার
১৮ দের ঈশ্বর। এতদর্থে তোমরা পালন কর আমার
বিধি ও আমার বিচার গ্রহণ কর তাহা তাহাতে
১৯ নির্ভয় বসতি করিতে পার সে দেশে ও দেশের ফল
পূর্ণ হবেক তাহাতে পেট ভরিয়া খাইবা ও নির্ভয়
২০ বসতি করিবা যদি তোমরা বল আমরা কি খাইব
সপ্তম বৎসরে দেখ আমরা বুনিব না ও ফসল
২১ একত্র করিব না। তখন আমি বর দিব তোমারদের
ওপর সে ছয়েঞি বৎসরে তাহাতে তিন বৎসরের
২২ ফল ফলিবেক ও তোমরা বুনিবা অষ্টম বৎসরে ও
তারপরে খাইবা পুরানা ফল নবম বৎসর পর্য্যন্ত
তাহার ফল হওন পর্য্যন্তই তোমরা খাইবা পুরানা
ফল।

২৩ ভূমি নিতান্ত বিক্রয় হওক না সে ভূমি আমার
২৪ তোমরা বিদেশী ও প্রবাসী আমার সাতে তোমার
দের অধিকারের সমস্ত দেশে তোমরা ভূমির মুক্ত
২৫ হইতে দিও। যদি তোমার ভাই গরিব হইয়া বেচিয়া
ফেলিল তাহার কিছু অধিকার পরে যদি তাহার কোন
কুটুম্ব তাহা খালাস করিতে আইসে তবে সে তাহা
২৬ মুক্ত করিতে পারে যাহা তাহার ভাই বিক্রয় করিল।
তাহার খালাস করণের কেহ না থাকিলে যদি আপনি
২৭ তাহা খালাস করিতে পারে তখন গণনা করুক তাহার
বিক্রয়াবধি কত বৎসর ও ফিরিয়া দিওক সে
অধিক তাহাকে যাহার কাছে তাহা বিক্রয় করিল তাহার
২৮ অধিকার পুনর্ব্বার পাওন নিমিত্ত। যদি সে মুক্ত

করিতে পারে না তাহা তখন সে বিক্রীত থাকিবেক
তাহার হাতে যে ক্রয় করিল তাহা মহোৎসব বৎসর
পর্য্যন্ত ও মহোৎসব বৎসরে মুক্ত হবেক এবং
২৯ সে ফিরিয়া যাবেক আপনার অধিকারেতে। যদি
কোন মানুষ বিক্রয় করে কোন ঘেরা সহরের
বসতি ঘর পরে তাহা এক বৎসরের মধ্যে খালাস
করিতে পারিবেক এক বৎসর পূর্ণ না হইলে সে
৩০ তাহা খালাস করিতে পারিবেক এবং যদি খালাস
না হয় এক পূর্ণ বৎসরের মধ্যে তবে সে ঘেরা
সহরের ঘর কায়েম হবেক তাহার যে ক্রয় করিল
তাহা তাহার পুরুষানুক্রমে তাহা খালাস হবেক না
৩১ মহোৎসব বৎসরে। কিন্তু অপ্রাচীর বেড়া নগরের
ঘর গননা হবেক দেশের ভূমির মত তাহা মুক্ত
হইতে পারিবেক তাহা মুক্ত হবেক মহোৎসব
৩২ বৎসরে। কিন্তু লোঙ্গীরদের সহর ও তাহারদের
অধিকারের সহরের ঘর খালাস হইতে পারিবেক
৩৩ কোন সময়ে। কিন্তু যদি কোন কেহ ক্রয় করে
লোঙ্গীরদিগ হইতে তবে সে বেচা ঘর ও তাহার
অধিকারের সহর মুক্ত হবেক মহোৎসব বৎসরে
লোঙ্গীরদের সহরের ঘর তাহারদের অধিকার
৩৪ যিশরালের সন্তানেরদের মধ্যে কিন্তু তাহারদের
উপসহরের ক্ষেত্র বিক্রয় হইতে পারিবে না তাহাই
তাহারদের সদাকালের অধিকার।
৩৫ যদি তোমার ভ্রাতা গরিব হইয়া ভগ্ন হইল

তোমার নিকট থাকিয়া তখন বিতরন দিও তাহাকে
বটে যদি বিদেশী কি প্রবাসী তাহার থাকনার্থে
৩৬ তোমার সাতে কোন সুদ কি বেসি লইও না তাহার
ঠাঁই কিন্তু ভয় কর তোমার ঈশ্বরকে যেন তোমার
৩৭ ভাতা থাকিতে পারে তোমার সঙ্গে    তোমার
টাকা সুদের কারন দিও না তাহাকে ও বাড়ীর কারন
৩৮ ভক্ষ্য বস্তু দিও না । আমি য়িহহা তোমারদের ঈশ্বর
যে বাহির করিয়া আনিলাম তোমারদিগকে মিসর
দেশ হইতে কিনাঁয়ন দেশ দিতে তোমারদিগকে ও
তোমারদের ঈশ্বর হওনের কারন ।
৩৯ যদি তোমার ভাই তোমার নিকটে গরিব হইয়া
বিক্রয় হয় তোমার কাছে তবে জবরদস্তি করিয়া
৪০ তাহাকে গোলামের মত সেবা করাইও না কিন্তু থাকুক
তোমার সাতে চাকর কি প্রবাসীর মত ও তোমার কাম
৪১ করুক মহোৎসব বৎসর পর্য্যন্ত  তখনি সে মুক্ত
হইয়া যাবে সে ও তাহার সন্তানগনা তাহার সাতে
ও ফিরিয়া যাবে আপন পরিজন ও পিতৃ অধিকারে
৪২ তাহারাই আমার চাকর যাহারদিগকে বাহির করিয়া
আনিলাম মিসর হইতে তাহারদিগকে বিক্রয় হওক
৪৩ না গোলামের মত  জবর করিয়া কর্ত্তৃত্ব করিও না
তাহার ওপর কিন্তু ভয় করিও তোমার ঈশ্বরকে ।
৪৪ তোমারদের দাস দাসী হওক অন্য চারিদিগের
বর্গ হইতে তাহারদের ঠাঁই ক্রয় করিও দাস ও
দাসীরদিগকে বিদেশীরদের সন্তানগনা ও যাহারা
৪৫ বাস করে তোমারদের মধ্যে ।  তাহারদিগ হইতে

তোমরা ক্রয় করিতে পার ও তাহারদের পরিজন হইতে
যাহারা তোমারদের সাতে যাহারা জন্মান তোমার
দের দেশে তাহাতে তাহারা হইবে তোমার অধিকার।
৪৬ তাহারদিগকে মিরাসের মত দিতে হবে তোমারদের
ছেলেপিলেকে তোমারদের পরে অধিকারের জন্য।
তাহারা হবেক তোমারদের সদাকালের গোলাম কিন্তু
তোমরা তোমারদের ভ্রাতা য়িশরালের সন্তানেরদের
উপরে পরস্পর জোর করিয়া কর্ত্তৃত্ব করিও না।—
৪৭ যদি প্রবাসী কি বিদেশী ধনবান হয় তোমার
নিকটে ও তোমার ভাই তাহার নিকটে গরিব হইয়া
আপনাকে বিক্রয় করিয়া থাকে। সে বিদেশী কি
প্রবাসীর কাছে কি সে বিদেশীর কোন সন্তানের
৪৮ কাছে তাহার বিক্রয় হওনের পরে সে মুক্ত হইতে
পারিবে; তাহার কোন ভাই খালাস করিতে পারবেক
৪৯ তাহাকে। তাহার মাতুল কি তাহার মামাতোর ভাই
কি তাহার পরিজনের কোন নিকটস্থ কুটুম্ব খালাস
করিতে পারে তাহাকে কিম্বা আপনার সাধ্য হইলে
৫০ আপনাকে খালাস করিতে পারে। তখন সে হিসাব
করুক তাহার সাতে যে কিনিল তাহাকে সে বৎসর
অবধি যাহাতে বিক্রয় হইল তাহার কাছে মহোৎসব
বৎসর পর্য্যন্ত ও তাহার বিক্রয়ের মূল্য হবেক
বৎসরের গণনানুযায়ি মাহিন্দারানের সময়ের
৫১ মত যদি অনেক বৎসর থাকে তদানুযায়ি
দিবেক তাহার খালাসের মূল্য সেই টাকা
৫২ হইতে যাহাতে ক্রয় হইল। ও যদি অল্প বৎসর

হইয়া থাকে যোবেল বৎসর পর্য্যন্ত তবে সে
হিসাব করুক তাহার সহিত এবং বৎসরেরা
ন্যায়ি দিউক আরবার তাহার খালাসির মূল্য।
৫৩ বৎসরীয় চাকরের মত থাকিবেক তাহার সহিত এবং
অন্য কেহ কর্ত্তৃত্ব করিবে না তাহার উপরে তোমার
৫৪ গোচরে। যদি খালাস না হয় এ সকল বৎসরের
মধ্যে তবে বাহির হইয়া যাবেক যোবেল বৎসরে
৫৫ সে ও তাহার শিশুরা তাহার সহিত। যিশরালের
সন্তানেরা আমার চাকর তাহারাই আমার চাকর
যাহারদিগকে বাহির করিয়া আনিলাম মিসর দেশ
হইতে। আমি যিহুহা তোমারদের ঈশ্বর।—
পর্ব্ব কোন ঠাকুর কি খোদ্দকারি পুত্তিয়া করিও না
২৬ কোন খাড়া পুত্তিয়া খাড়া করিও না ও পাথরের
পুত্তিয়া করিও না তোমারদের দেশে প্রণাম করিতে
তাহাকে। আমি যিহুহা তোমারদের ঈশ্বর।—
২ আমার শাবত পালন কর ও মান আমার পবিত্র
৩ স্থান। আমি যিহুহা। যদি তোমরা পালন কর
আমার বিধি ও আমার আজ্ঞা ও তাহা কর তবে
৪ আমি বৃষ্টি করাইব কালেতে তাহাতে ভুমি দিবেক
৫ তাহার উৎপন্ন ও গাছ দিবেক তাহার ফল। তোমার
দের মলা হবেক দ্রাক্ষা পাড়ন পর্য্যন্ত এবং দ্রাক্ষা
পাড়নের সময় থাকিবেক বুনন পর্য্যন্ত। তোমরা
তৃপ্তি মতে ভোজন করিবা ও নির্ভয়ে বসতি করিবা
৬ তোমারদের দেশে। আমি দিব আরাম তোমারদের
দেশে তোমরা শুইয়া থাকিলেই কেহ ভয় দেখাইবেক

না তোমারদিগকে । আমিও খেদাইয়া দিব দুরন্ত
পশু তোমারদের দেশ হইতে তলোয়ার ও যাবেক না
৭ তোমারদের দেশে । তোমরা তাড়াইয়া দিবা তোমার
দের শত্রুরদিগকে ও তাহারা পড়িবেক তোমারদের
৮ সন্মুখে তলোয়ারের কোপে। তোমারদের পাঁচ জন
খেদাইয়া দিবেক এক শতকে ও তোমারদের এক শত
খেদাইয়া দিবেক অযুত জনকে ও তোমারদের শত্রু
পড়িবেক তোমারদের সন্মুখে তলোয়ারের কোপে ।
৯ আমি অনুগ্রহ করিব তোমারদিগকে ও করাইব
তোমারদিগকে ফল পূর্ণ ও বহু গোষ্ঠী এবং স্থির
করিব আমার বন্দোবস্ত তোমারদের সাতে ।
১০ তোমরা খাইবা পুরানা সঞ্চয় ও পুরানা বাহির
১১ করিবা নূতনের কারণ আমি ও খাড়া করিব
আমার তাম্বু তোমারদের মধ্যে ও আমার প্রাণ ঘৃণা
১২ করিবে না তোমারদিগকে । আমি বেড়াইব তোমার
দের মধ্যে ও হইব তোমারদের ঈশ্বর তোমরা ও
১৩ হইবা আমার লোক । আমি যিহুহা তোমারদের
ঈশ্বর যে বাহির করিয়া আনিলাম তোমারদিগকে
মিস্র দেশ হইতে তোমরা তাহারদের গোলাম না
হওনার্থে । আমি ও ভাঙ্গিলাম তোমারদের জোঁয়া
লের লাঠিতা ও খাড়া করাইলাম তোমারদিগকে ।
১৪ কিন্তু যদি তোমরা অবধান না কর আমার কথা
১৫ ও কর না এ সমস্ত আজ্ঞা ও যদি তোমরা তুচ্ছ
কর আমার বিধি কি যদি তোমারদের প্রাণ ঘৃণা
করে আমার বিচার তাহাতে আমার আজ্ঞা না কর

১৬ কিন্তু ভঙ্গ আমার বন্দোবস্ত   আমি ও ইহা করিব
তোমারদিগকে আমি নিরূপণ করিব তোমারদের
উপর দারুন শঙ্কা পাণ্ডু ও পুড়িত জ্বর চক্ষুক্ষয় ও
অন্তঃকরণের শোকার্থে। তোমরা ও বৃথা বুনিবা
১৭ তোমারদের বীজ। শত্রুরাই তাহা খাইবেক। আমি
মুখ রাখিব তোমারদের বিপরিতে ও তোমরা মারা
পড়িবা তোমারদের শত্রুর সম্মুখে। যাহারা ঘৃনা করে
তোমারদিগকে তাহারা কর্ত্তৃত্ব করিবেক তোমারদের
উপরে ও তোমরা পালায়ন করিবা কেহ না তাড়াইতে।
১৮ যদি তোমরা তখন এ সকলের কারন অবধান না
কর আমার কথা তবে আর সাতগুন সাজা
দিব তোমারদিগকে তোমারদের পাপের কারন।
১৯ আমি ভঙ্গ করিব তোমারদের বলের অহঙ্কার আমি
ও করাইব তোমারদের আকাশ লোহার মত ও তোমার
২০ দেশ ভূমি পিতলের মত। তোমারদের জোর বৃথা যাবে
ও তোমারদের ভূমিতে ফল হবেই না দেশের গাছ
ও ফলিবেক না।

২১ পরে যদি গতি কর আমার বিপরিতে ও অবধান
না কর আমার কথা তবে আনিব সাতগুন অধিক
পীড়া তোমারদের উপরে তোমারদের পাপানুযায়ি।
২২ আমি ও পাঠাইব বন পশু তোমারদের মধ্যে যাহারা
চুরি করিবে তোমারদের ছালিয়াগিনাকে ও সংহার
করিবে তোমারদের পশু ও তোমারদিগকে অল্প
২৩ করাইবেক ও তোমারদের পথ হবেক অগম্য। পরে
যদি তোমরা এখন এ সকল পাইয়া শিক্ষ না হও

২৪ কিন্তু গতি কর আমার বিপরিতে তবে আমি
ও গতি করিব তোমারদের বিপরিতে ও সাজা দিব
তোমারদিগকে আর সাত গুনাধিক তোমারদের
২৫ পাপের কারন আমি আনিব তলোয়ার তোমার
দের উপরে যাহা আমার বন্দোবস্ত রাখিবার দায়া
করিবেক। ও তোমরা তোমারদের সহরে একত্র
হইলে আমি পাঠাইব মড়ক তোমারদের মধ্যে। ও
তোমরা সমর্পিত হবা তোমারদের শত্রুর হাতে।
২৬ আমি তোমারদের ভক্ষ্যের আসাবাড়ি ভাঙ্গিলে
দশ জন স্ত্রী সেকিবেক তোমারদের রুটি এক তন্দুরে
পরে ওজন করিয়া পুন দিবেক তোমারদের রুটি ও
২৭ তোমরা তাহা খাইয়া তৃপ্তি হবেক না। যদি এ সকলের
পরে শুন না আমার কথাকিন্তু গতি কর আমার
২৮ বিপরিতে তবে আমি ও মহাক্রোধিত গতি করিব
তোমারদের বিপরিতে। আমি আপিই সাজা দিব
২৯ আর সাতগুন তোমারদের পাপের কারন তাহাতে
তোমরা খাইবা তোমারদের পুত্র কন্যারদের মাংস।
৩০ ও আমি নষ্ট করিব তোমারদের পিড়ি ও কাটিয়া
ফেলাইব তোমারদের পুতিমা ও ফেলিয়া দিব তোমার
দের শব তোমারদের পুতিমার শবের উপরে এবং
আমার প্রান ঘৃনা করিবেক তোমারদিগকে।
৩১ তোমারদের সহর করাইব বন ও তোমারদের পবিত্র
স্থান নর শূন ও তোমারদের সুগন্ধের ঘ্রান পাইব না।
৩২ আমি সে দেশ করাইব জঙ্গল তাহাতে তোমারদের শত্রু
যাহারা বসতি করে তাহা, মধ্যে চমৎকৃত হবেক।

৩৩ ও আমি ছড়াইয়া ফেলাইব তোমারদিগকে প্রতিমা
পূজকেরদের মধ্যে ও খুলিব তলোয়ার তোমারদের
পাছে । তোমারদের দেশ হবেক উজাল এবং তোমার
৩৪ দের সহর লোক হীন । তখন সে ভূমি হবেক
শাবতাধিকারী যত দিন নিরাবাদ থাকে ও তোমরা
থাকিবা তোমারদের শত্রুরদের দেশে তখনি দেশ
৩৫ বিশ্রাম করিবেক ও শাবতাধিকারী হইবে । যত
দিন তোমরা বাস করিলা তাহাতে ততদিন বিশ্রাম
করিল না তোমারদের শাবতে অতএব যাবৎ অনাবাদ
৩৬ থাকে তাবৎ বিশ্রাম করিবে । তোমারদের যে
বক্রি থাকে তাহারদের উপর পাঠাইব অন্তঃকরণের
কাহিলতা তাহারদের শত্রুরদের দেশে ও পাতালড়া শব্দ
তাড়াইবেক তাহারদিগকে ও তাহারা পলাইবেক
যেমত কেহ পলায় তলোয়ার হইতে এবং তাহারা
৩৭ পড়িবেক যখন কেহ তাড়ায় না । তাহারা পড়ি
বেক এক জন আর এক জনের উপরে যেমন
তলোয়ারের সন্মুখে কেহ না তাড়াইলে । তোমারদের
কোন কাহার বল হবে না দাণ্ডাইতে তোমারদের
৩৮ শত্রুরদের সন্মুখে । এবং তোমরা ক্ষয় হবা
প্রতিমা পূজকেরদের মধ্যে তোমারদের শত্রুর দেশ
৩৯ ও খাইয়া ফেলাইব তোমারদিগকে । তোমারদের
যে বক্রি থাকে গলিয়া যাবেক তাহারদের অযথার্থে
তোমারদের শত্রুরদের দেশে তাহারা তাহারদের পিতৃ
অযথার্থের ভোগে গলিয়া যাবে তাহারদের সহিত ।
৪০ যদি তাহারা কবুল করে আপনারদের ও তাহারদের

পিতারদের অযথার্থ ও তাহারদের অপরাধ যাহা
করিল আমার দৃষ্টে ও যে তাহারা চলিল আমার
৪১ বিরুদ্ধে ও যে আমি গতি কহিলাম তাহার
দের বিরুদ্ধে এবং আনিলাম তাহারদিগকে তাহার
দের শত্রুরদের দেশে যদি তখন তাহারদের অসং-
স্কৃত অন্তঃকরণ গলিয়া যায় ও তাহারা কবুল করে
৪২ তাহারদের অযথার্থের সাজা তখন আমি মনে
করিব আমার বন্দোবস্ত যাকুবের সহিত ও আমার
বন্দোবস্ত য়িচক্কের সহিত ও আমার বন্দোবস্ত
আবরহামের সহিত মনে করিব এবং আমি মনে
৪৩ করিব সে দেশ সে দেশ ও তাহারদের ত্যজ্য হবে
তাহাতে দেশ যত দিন মনুষ্য বিনা বেয়াবদ থাকে তত
দিন শাবতাধিকার হইবে ও তাহারা স্বীকার করিবেক
তাহারদের অযথার্থের সাজা। তাহারা হেয়জ্ঞান
করিল আমার ব্যবস্থা ও তাহারদের প্রাণ ঘৃণা করিল
৪৪ আমার বিধি সেই কারণে হবে। সে সকল
হইলে যখন তাহারা তাহারদের শত্রুরদের দেশে
তখন আমি ত্যাগ করিব না ও ঘৃণা করিব না
সমুদায় বিনাশ করিতে তাহারদিগকে ও আমার
বন্দোবস্ত ভাঙ্গিতে তাহারদের সহিত আমিই য়িহুহ
৪৫ তাহারদের ঈশ্বর। কিন্তু আমি তাহারদেরার্থে মনে
করিব তাহারদের পিতৃদের বন্দোবস্ত যাহারদিগকে
বহির করিয়া আনিলাম মিসর দেশ হইতে প্রতিমা পূজক
লোকেরদের গোচরে তাহারদের ঈশ্বর হওনার্থে

৪৬ আমি যিহুহা।  এই সে বিধি ও বিচার ও শাস্ত্র
যাহা যিহুহা করিলেন মোশার মারফত আপনি ও
যিশরালের সন্তানেরদের মধ্যে সিনী পর্ব্বতে।

পর্ব্ব যিহুহা কহিলেন এ কথা মোশাকে। কহ যিশরা
২৭ লের সন্তানেরদিগকে যখন কোন মানুষ নির্দ্দিষ্ট
মানন করে তবে সেই লোক হবেক যিহুহার
৩ কারণ যেমন তোমার ফর্দ্দ।  তোমার ফর্দ্দ হবেক
পুরুষের কারণ কুড়ি বৎসরাবধি ষাইট বৎসর
পর্য্যন্ত তোমার বরাওর্দ্দ হবেক পঞ্চাশ শেকল
৪ রুপা পবিত্র শেকলানুযায়ি  নারী হইলে তোমার
৫ বরাওর্দ্দ হবেক ত্রিশ শেকল। পাঁচ বৎসর বয়ক্রমা
বধি কুড়ি বৎসর পর্য্যন্ত তোমার বরাওর্দ্দ হবেক
পুরুষের কারণ কুড়ি শেকল ও নারীর কারণ দশ
৬ শেকল  এক মাস বয়ক্রমাবধি পাঁচ বৎসর পর্য্যন্ত
তোমার বরাওর্দ্দ হবেক পুরুষের পাঁচ শেকল রুপা
৭ ও নারীর তিন শেকল রুপা  ষাটি বৎসর বয়ক্রমের
অধিক যদি হইয়া থাকে তবে তোমার বরাওর্দ্দ
হবেক পুরুষের কারণ পনের শেকল ও নারীর
৮ কারণ দশ শেকল  কিন্তু যদি তোমার বরাওর্দ্দ
হইতে গরিব হয় তবে সে যাওক যাজকের সাক্ষাতে
ও যাজক তাহার কিম্মত করুক তাহার সম্পদানুশারি
যে মানন করিল যাজক করুক তাহার কিম্মত।
৯ যদি কোন পশু যা মানুষে উৎসর্গ করিতে আনে
যিহুহার সম্মুখে কোন মানুষের যা দেয় যিহুহাকে
১০ সে সকলে শুচি হবেক।  সে তাহা অন্যথা করুক

সাঁ ও বদল করুক না ভাল মন্দের কারন কি
মন্দ ভালের কারন কিন্তু যদি কোন মতে বদল করে
পশু পশুর কারন তবে তাহা ও তাহার বদলি দুই
১১ পবিত্র হবেক। যদি কোন অশুচি পশু যাহা
উৎসর্গ করিয়া দেয় না যিহুহার কাছে তবে সে
১২ পশু লইয়া যাওক যাজকের ঠাঁই। ও যাজক
তাহার কিম্মত করুক ভাল হওক কি মন্দ হওক
১৩ তুমি যাজক যে কিম্মত কর তাহাই হইবেক। যদি
কোন মতে খালাস করিতে চাহে তাহা তবে তাহার
পঞ্চমাংশ তোমার বরাওর্দ্দ সহিত দিতে হইবে।

১৪ যখন কোন মানুষ তাহার ঘর পবিত্র করে
যিহুহাকে দেওনের জন্য তবে যাজক তাহার বরাওর্দ্দ
করুক ভাল হওক কি মন্দ হওক যাজক যে বরাওর্দ্দ
১৫ করে তাহাই হবেক। যে জন পবিত্র করিল
যদি ঘর খালাস করিতে চাহে তবে সে দিওক
পঞ্চমাংশ তোমার বরাওর্দ্দ সহিত পরে তাহা
হবেক তাহার।

১৬ যদি কেহ পবিত্র করে যিহুহার কারন তাহার
অধিকারের ক্ষেত্রের কিছু তখন তোমার বরাওর্দ্দ
হবেক তাহার বন্দানুযায়ি এক কমর তবের দর হবেক
১৭ পঞ্চাশ শেকল রূপা। যদি তাহার ক্ষেত্র পবিত্র
করে মহোৎসব বৎসরাবধি তবে যেমন তোমার
১৮ বর্দ্দ তেমন হইবে। যদি সে পবিত্র করে তাহার

ক্ষেত্র মহোৎসব বৎসরের পরে তবে যাজক টাকার
হিসাব করুক তাহার কাছে বাকি বৎসরেরানুযায়ি
মহোৎসব বৎসর পর্য্যন্তই এবং তাহা কমি করিতে
১৯ হবে তোমার বরাওর্দ্ধ হইতে। যে জন পবিত্র করিল
ক্ষেত্র যদি কোন মত খালাস করিতে চাহে তবে
তোমার বরাওর্দ্ধের টাকার পঞ্চমাংশ জেয়াদা
করিয়া দিউক তাহাতে স্থির হবেক তাহার কাছে।
২০ যদি সে ক্ষেত্র খালাস করিতে না চাহে কি যদি
বিক্রয় করে ক্ষেত্র আর কাহার কাছে তবে আর
২১ কখন খালাস হবেক না। কিন্তু সে ক্ষেত্র যখন
বাহির হয় মহোৎসব বৎসরে তখন হবেক শুচি
য়িহুহার কাছে ঈশ্বরত্রের মত তাহা যাজকের
অধিকার হবেক।——

২২ যদি কেহ পবিত্র করে য়িহুহার কাছে এক
ক্ষেত্র যাহা কিনিয়াছে যাহা তাহার অধিকারের
২৩ ক্ষেত্র নহে তবে যাজক হিসাব করুক তাহার
সহিত তোমার বরাওর্দ্ধের মূল্য মহোৎসব বৎসর
পর্য্যন্ত তখন সে দিবেক তোমার বরাওর্দ্ধ টাকা
২৪ সে দিনে ঈশ্বরত্রের মত। মহোৎসব বৎসরে সে
ক্ষেত্র ফিরিয়া যাবে তাহার কাছে যাহার ঠাঁই
২৫ কেনা হইল যে ভূমির অধিকারী ছিল। তোমার
সমস্ত বরাওর্দ্ধ হবেক পবিত্র শেকলেরানুযায়ি।
কুড়ি গেরা এক শেকল।——

২৬ কেবল পশুর প্রথম জন্মিত তাহা য়িহুহার সে
প্রথম জন্মিত কেহ পবিত্র করিতে পারে না যদি

২৭ দামতা কি যেম তাহা য়িহোহার। ও যদি অশুচি
পশু তবে সে খালাস করিবে তাহা তোমার বরাওর্দ্দেরা
মুতাবিক এবং আর পঞ্চমাংশ জেয়াদা করিবেক
যদি তাহা খালাস না করে তবে বিক্রয় করা হবেক
তোমার বরাওর্দ্দানুযায়ি।——

২৮ কিন্তু কোন ঈশ্বরত্র বস্তু যাহা কেহ মানন করে
য়িহোহাকে তাহার বেসাত হইতে মানুষ কি
পশু কি তাহার অধিকারের ভূমি তাহা বিক্রয়
হওক না ও খালাস হওক না প্রতি ঈশ্বরত্র বস্তু
২৯ মহা পবিত্র য়িহোহার কাছে। কোন ঈশ্বরত্র
যাহা মানুষ ঈশ্বরকে মানন করে খালাস হওক না
কিন্তু বলিদান করিতে হবেক।——

৩০ ভূমির সকল দশমাংশ ভূমির বীজ কি গাছের ফল
৩১ হবেক য়িহোহার তাহা শুচি য়িহোহার কাছে। যদি
কেহ কোন মতে খালাস করিতে চাহে তাহার
দশমাংশের কিছু তবে সে তাহার পঞ্চমাংশ
৩২ আর জেয়াদা দিবে। গরু পালের দশমাংশের
বিষয় কি মেষ পালের যাহা পাচনির নিচে আইসে
৩৩ তাহার দশমাংশ হবেক পবিত্র য়িহোহার কাছে।
সে তাহার ভাল মন্দ তল্লাস করুক না ও তাহা
বদলাওক না কিন্তু যদি তাহা বদলায় তবে তাহা
এবং তাহার বদলি দুই পবিত্র হবেক তাহা খালাস
৩৪ হবেক না। এই সে সকল আজ্ঞা যাহা য়িহোহা
আজ্ঞা করিলেন মোশাকে য়িশরালের সন্তানেরদের
কারন সিনী পর্ব্বতে।——

## মোশার চতুর্থ পুস্তক যাহা বলে গননা।

### প্রথম পর্ব।

১ য়িহুহা এ কথা কহিলেন মোশাকে তাহারদের
মিচর ছাড়নের পরে দ্বিতীয় বৎসরের দ্বিতীয় মাষের
প্রথম দিবসে সিনী অরন্যে মণ্ডলির পবিত্র তাম্বুতে।
২ গননা কর য়িশরালের সমস্ত সন্তানেরদিগকে
তাহারদের বংশ ও পরিজনানুযায়ি তাহারদের নাম
৩ গননা কর সমস্ত পুরুষ মাথা২ কুড়ি বৎসর
বয়ক্রম আর অধিক য়িশরালের যাহারা রনে যাইতে
পারে তুমি ও আহারন গননা কর তাহারদিগকে
৪ সৈন্য২ প্রতি গোষ্ঠীর এক২ জন থাকিবেক তোমার
দের সাতে প্রতি জন আপন২ পিতৃবংশের প্রধান।

৫ এই তাহারদের নাম যাহারা থাকিবেক তোমার
দের সাতে রাওবনের শদিয়াওরের পুত্র আলিজোর।
৬ শিমওোনের জোরিশদীর পুত্র শলমিএল। য়িহোদার
৭ ৮ উমিনদবের পুত্র নক্ষশোন। য়িশশ্বরের জোগিরের
৯ পুত্র নতনাথ। জবুলনের হুলনের পুত্র আলিয়াব।
১০ যুসফের সন্তানের তাহা আফ্রিয়মের উমিহোদের পুত্র
আলিশমাঁ। মনশার পদহজোরের পুত্র গমালিএল।

১১ ১২ বেনিমিনের গদঁনির পুত্র আবিদন। দনের ঊমিঁ
১৩ শদ্দীর পুত্র আক্কিমেঁজর। আশেরের ঊখ্রানের
১৪ পুত্র পনযিঁএল। গদের দউএলের পুত্র আলিসফ।
১৫ ১৬ নপ্তুলির ঊীননের পুত্র আক্কিরাঁ। এই সমস্তেরা
মণ্ডলির নাম লুব্ধ লোক তাহারদের পিতৃ বংশের
অধ্যক্ষ য়িশরালেরদের সহস্রাবধির প্রবান।
১৭ পরে মোশা ও আহারন লইল সে লোকের
১৮ দিগকে যাহারদের নাম লেখা গেল এবং
দ্বিতীয় মাসের পুথম দিবসে সকল মণ্ডলি একত্র
হইয়া সভা করিল ও বংশং বলিল আপনং বংশা
বলি তাহারদের নামের গননানুযায়ি কুড়ি বৎসর
১৯ বয়ক্রম আর অধিক মাথাং মোশা গনন করিল
তাহারদিগকে সীনী অরন্যে যেমত য়িহহা আজ্ঞা
২০ করিয়াছিলেন তাহাকে য়িশরালের জ্যেষ্ঠ পুত্র
রাঔবনের সন্তান তাহারদের পুরুষং আপনারদের
পরিজন ও বংশানুযায়ি নামের গননানুযায়ি মাথাং
পুতি পুরুষ বিশ বৎসর বয়ক্রম আর অধিক যাহারাং
২১ রন করিতে যাইতে পারিল রাঔবনের গোষ্ঠির যে
সমস্ত গননা হইল ছচল্লিশ হাজার পাঁচ শত।
২২ শমঔোনের সন্তান তাহারদের পুরুষং আপনার
দের পরিজন ও বংশানুযায়ি তাহারদের যাহারাং
গননা হইল মাথাং নামের গননানুযায়ি পুতি পুরুষ
বিশ বৎসর বয়ক্রম আর অধিক যে সমস্তেরা রন
২৩ করিতে যাইতে পারে শিমঔোনের গোষ্ঠীর যাহারাং
গননা ছিল ঊনষাইট হাজার তিন শত।

২৪ গাদের সন্তান তাহারদের পুরুষ২ তাহারদের
পরিজন যত্তে তাহারদের বংশানুযায়ি নামের
গননানুযায়ি বিশ বৎসর বয়ক্রম আর অধিক
২৫ যে সমস্তেরা রন করিতে যাইতে পারে গাদের
গোষ্ঠীর যাহারা২ গননা ছিল পঞ্চতাল্লিশ হাজার
ছয়শত পঞ্চাশ জন।

২৬ য়িহুদার সন্তানেরা তাহারদের পুরুষ২ তাহারদের
পরিজন ও বংশানুযায়ি তাহারদের নামের গননানু
যায়ি বিশ বৎসর বয়ক্রম আর অধিক যাহারা
২৭ রন করিতে যাইতে পারে। য়িহোদার গোষ্ঠীর
যাহারা২ গননা ছিল চৌত্তর হাজার ছয় শত।

২৮ য়িশস্থরের সন্তানেরা তাহারদের পুরুষ২ তাহার
দের পরিজন যত্তে তাহারদের বংশ ও নামের গননানু
যায়ি কুড়ি বৎসর বয়ক্রম আর অধিক যে সমস্তেরা
২৯ রন করিতে যাইতে পারে। য়িশস্থরের গোষ্ঠীর
যাহারা২ গননা ছিল চৌয়ন্ন হাজার ছয় শত।

৩০ জবুলনের সন্তানেরা তাহারদের পুরুষ২ তাহার
দের পরিজন যত্তে তাহারদের বংশানুযায়ি নামের
গননাক্রমে কুড়ি বৎসর বয়ক্রম আর অধিক যে
৩১ সমস্তেরা রন করিতে যাইতে পারে জবুলনের
গোষ্ঠীর যাহারা২ গননা ছিল সাতান্ন হাজার চারি
শত।

৩২ যুসফের সন্তানেরা তাহা আফ্রিমের সন্তানেরা
তাহারদের পুরুষ২ তাহারদের পরিজন ও বংশানু

ক্রমে নামের গননানুযায়ি কুড়ি বৎসর বয়ক্রম আর
অধিক যে সমস্তেরা রন করিতে যাইতে পারে ।
৩৩ আফ্রিমের গোষ্ঠীর যাহারা২ গননা ছিল চল্লিশ
হাজার পাঁচ শত ।

৩৪ মনশার সন্তানেরা তাহারদের পুরুষ২ তাহার
দের পরিজন ও বংশানুক্রমে নামের গননানুযায়ি
কুড়ি বৎসর বয়ক্রম আর অধিক যাহারা২ রন
৩৫ করিতে যাইতে পারে । মনশার গোষ্ঠীর যাহারা২
গননা ছিল বত্রিশ হাজার দুই শত ।

৩৬ বেনিমনের সন্তানেরা তাহারদের পুরুষ২ তাহার
দের পরিজন ও বংশানুক্রমে তাহারদের নামের
গননানুযায়ি কুড়ি বৎসর বয়ক্রম আর অধিক যে
৩৭ সমস্তেরা রন করিতে যাইতে পারে । বেনিমনের
গোষ্ঠীর যাহারা২ গননা ছিল পঞ্চত্রিশ হাজার
চারিশত ।

৩৮ দনের সন্তানেরা তাহারদের পুরুষ ও পরিজন ও
বংশানুক্রমে তাহারদের নামের গননানুযায়ি কুড়ি
বৎসর বয়ক্রম আর অধিক যে সমস্তেরা রন করিতে
৩৯ যাইতে পারে । দনের গোষ্ঠীর যাহারা২ গননা ছিল
বাষট্টি হাজার সাত শত ।

৪০ আশরের সন্তানেরা তাহারদের পুরুষ ও পরিজন
ও বংশানুক্রমে তাহারদের নামের গননানুযায়ি
কুড়ি বৎসর বয়ক্রম আর অধিক যে সমস্তেরা
৪১ রন করিতে যাইতে পারে । আশরের গোষ্ঠীর

যাহারা২ গননা ছিল একচল্লিশ হাজার পাঁচ
শত।———
৪২ নপ্তলির সন্তানেরা তাহারদের পুরুষ২ পরিজন২
ও বংশ২ তাহারদের গননানুযায়ি বিংশতি বৎসর
বয়ক্রমাধিক যে সমস্তেরা রন করিতে যাইতে
৪৩ পারে নপ্তলির গোষ্ঠীর যাহারা২ গননা ছিল
তিপ্পান্ন হাজার চারিশত।———
৪৪ এই সে সমস্ত যাহারদিগের গননা ছিল যাহার
দিগকে মোশা ও আহারন ও য়িশরালের বারো জন
অধ্যক্ষ গননা করিল তাহারদের এক২ জন আপন২
৪৫ পিতৃ বংশের কারন। এই য়িশরালের সমস্ত
সন্তানেরদের যাহারা২ গননা ছিল তাহারদের
বংশানুযায়ি কুড়ি বৎসর বয়ক্রমাধিক য়িশরালের
৪৬ যাহারা২ রন করিতে যাইতে পারে যে সমস্ত গননা
ছিল ছয় লক্ষ তিন হাজার পাচশত পঞ্চাশ।——
৪৭ লেবিরা তাহারদের পিতৃ গোষ্ঠ্যানুযায়ি গননা
৪৮ ছিল না তাহারদের মধ্যে য়িহহা এ কথা
৪৯ মোশাকে কহনার্থে কেবল গননা করিও না
লেবির গোষ্ঠী ও তাহারদের একুন করিও না
৫০ য়িশরালের সন্তানেরদের মধ্যে কিন্তু লেবির
দিগকে নিযুক্ত কর সাক্ষীর পবিত্র তাম্বু ও তাহার
সমস্ত পাত্র ও সামগ্রীর উপরে তাহারা বহিবে
পবিত্র তাম্বু ও তাহার সমস্ত সামগ্রী ও তাহার
সেবা করিবেক তাহারা ও পবিত্র তাম্বুর চারিদিগে
৫১ থাকিবেক যখন পবিত্র তাম্বু আগে যায় তখন

লোঈরা তাহা খুলিবেক ও যখন পবিত্র তাম্বু খাড়া
করিতে হয় তখন লোঈরা তাহা খাড়া করিবে যদি
অন্য লোক নিকটে আইসে তাহাকে মারিয়া ফেলিতে
৫২ হবেক যিশ্রালের সন্তানেরা খাড়া করিবেক
আপনং তাম্বু প্রতি জন আপনং স্থলেতে প্রতি মনুষ্য
আপনং ধ্বজের নিকট তাহারদের সৈন্যানুক্রমে
৫৩ কিন্তু লোঈরা আপনং তাম্বু খাড়া করিবেক সাক্ষীর
পবিত্র তাম্বুর চারিদিগে ক্রোধ যেন পড়ে না যিশ্রালের
সন্তানেরদের মণ্ডলির উপরে এবং লোঈরা সাক্ষীর
৫৪ পবিত্র তাম্বুর পরিচারকতা করিবেক। যিশ্রালের
সন্তানেরা করিল সে সমস্তানুযায়ি যাহা যিহুহা
আজ্ঞা দিয়াছিলেন মোশাকে তাহারা সেই মত
করিল।

পর্ব্ব যিহুহা ও এ কথা কহিলেন মোশা ও আহারণকে
২ যিশ্রালের সন্তানেরদের প্রতি জন তাম্বু খাড়া
করুক আপনং ধ্বজের নিকট আপনারদের পিতৃ
বংশের নিসানানুসারি মণ্ডলির পবিত্র তাম্বুর চারি
দিগে দূর হইয়া তাম্বু খাড়া করুক।
৩ পূর্ব্ব দিগে সূর্য্যোদয়ের তরফে যিহোদার সৈন্য
স্থলের ধ্বজের লোক তাহারদের সৈন্যানুযায়ি তাম্বু
খাড়া করিবেক এবং উম্মিনদবের পুত্র নহ্শোন হবেক
৪ যিহোদার সন্তানেরদের সেনাপতি। তাহার সৈন্য
ও তাহারদের যেং লোক গণনা ছিল চৌহত্তর হাজার
৫ ছয় শত। যিশাখরের সন্তানেরদের গোষ্ঠী তাম্বু

যাত্রা করিবেক তাহারদের পরে। য়িশশ্খরের গোষ্ঠীর
৬ সেনাপতি জোওরের পুত্র নতনাল তাহার সৈন্য ও
তাহারদের যাহারাং গননা ছিল চৌয়ান্ন হাজার
৭ চারিশত। তারপর জবুলনের গোষ্ঠী। হলনের পুত্র
৮ আলিয়াব হবেক জবুলনের সেনাপতি তাহার সৈন্য ও
তাহারদের যাহারাং গননা ছিল সাতান্ন হাজার চারি
৯ শত। য়িহোদার সৈন্যের মধ্যে যাহারাং গননা ছিল
এক লক্ষ ছেয়াশি হাজার চারি শত তাহারদের
সৈন্যানুযায়ি। ইহারা যাবেক প্রথমে।

১০ দক্ষিন দিগে রাওবনের সৈন্যের ধ্বজ হবেক তাহার
দের সৈন্যানুক্রমে। শদীয়াওরের পুত্র আলিজোর
১১ হবেক রাওবনের সন্তানের সেনাপতি তাহার সৈন্য
ও তাহারদের যাহারা গননা ছিল ছচল্লিশ হাজার
১২ পাঁচশত। তাহার নিকটে তাম্বু যাত্রা করিবে শিমওো
নের গোষ্ঠী এবং জোরিশদীর পুত্র শলমীএল হবেক
১৩ শিমওোনের সন্তানেরদের সেনাপতি তাহার সৈন্যের
যাহারাং গননা হইল ওনষাইট হাজার তিন শত।
১৪ তারপর গদের গোষ্ঠী এবং রওএলের পুত্র আলিসফ
১৫ হবেক গদের সন্তানেরদের সেনাপতি তাহার সৈন্য
ও যাহারাং গননা ছিল পয়ঁতাল্লিশ হাজার ছয়শত
১৬ পঞ্চাশ। রাওবনের সৈন্যের যাহারাং গননা ছিল
এক লক্ষ একান্ন হাজার চারিশত পঞ্চাশ তাহারদের
সৈন্যানুযায়ি। তাহারা হবেক দ্বিতীয় কাতার।

১৭ তারপর মণ্ডলির পবিত্র তাম্বু চলিবেক লোবীর
সৈন্যের সহিত সমস্ত সৈন্যের মধ্যে স্থানে যে মত

তাম্বু খাড়া করিয়া থাকে সেই মতে তাহারা চলিবে।
প্রতি মনুষ্য আপন২ স্থানে আপন২ ধ্বজের কাছে।
১৮ পশ্চিম দিগে আফ্রিমের সৈন্যের ধ্বজ হবেক
তাহার সৈন্যানুযায়ি এবং উমিহোদের পুত্র আলিশমা
১৯ হবেক আফ্রিমের সন্তানেরদের সেনাপতি। তাহার
সৈন্য ও যাহারা২ গণনা ছিল চল্লিশ হাজার পাঁচশত।
২০ তাহার কাছে থাকিবেক মনশার গোষ্ঠী ও পদহজো
রের পুত্র গমলিএল হইবেক মনশার সন্তানের সেনা
২১ পতি। তাহার সৈন্য ও যাহারা২ গণনা ছিল বত্রিশ
২২ হাজার দুই শত। তাহার পর বেনিমনের গোষ্ঠী
ও গিদনির পুত্র আবীদা হইবেক বেনিমনের
২৩ সন্তানের সেনাপতি। তাহার সৈন্য ও যাহারা২
২৪ গণনা ছিল পয়ঁত্রিশ হাজার চারিশত। আফ্রিমের
সৈন্যের যাহারা২ গণনা ছিল এক লক্ষ অষ্ট
হজার একশত তাহারদের সৈন্যানুযায়ি। তাহারা
চলিবেক তৃতীয় কাতারে।
২৫ দনের সৈন্যের ধ্বজ হবেক উত্তরদিগে তাহারদের
সৈন্যানুযায়ি এবং উমিশদীর পুত্র আক্কিযেঁজর হবেক
২৬ দনের সন্তানেরদের সেনাপতি। তাহার সৈন্য
ও তাহারদের যাহারা২ গণনা ছিল বাষট্টি হাজার
২৭ সাতশত। তাহার নিকটে তাম্বু খাড়া করিবেক
আশরের গোষ্ঠী এবং উখরনের পুত্র পগিএল
২৮ হবেক আশরের সন্তানেরদের সেনাপতি। তাহার
সৈন্য ও যাহারা২ গণনা ছিল একচল্লিশ হাজার পাঁচ
২৯ শত। তাহার পর নপ্তলির গোষ্ঠী এবং ঊীননের

পুত্র আম্মীরা হইবেক নপ্তলির সন্তানের সেনাপতি
৩০ তাহার সৈন্য ও যাহারাং গণনা ছিল তিপান্ন হাজার
৩১ চারিশত। দনের সৈন্য যে সমস্ত গণনা ছিল
এক লক্ষ সাতান্ন হাজার ছয়শত। তাহারা চলিবেক
৩২ পাছে তাহারদের ধ্বজের সহিত। এই য়িশরালের
সন্তানেরদের যাহারাং গণনা ছিল তাহার
দের পিতৃ বংশানুযায়ি যে সমস্ত গণনা ছিল
আপনং সৈন্যানুযায়ি ছয় লক্ষ তিন হাজার পাঁচশত
পাঞ্চাশ।
৩৩ কিন্তু লেবীরা গণনা হইল না য়িশরালের
সন্তানেরদের মধ্যে যেমত য়িহুহা আজ্ঞা করিলেন
৩৪ মোশাকে। য়িশরালের সন্তানেরা করিল সেই
সমস্তানুযায়ি যাহা য়িহুহা আজ্ঞা দিলেন মোশাকে
সেই মত তাহারা তাম্বু খাড়া করিল তাহারদের
ধ্বজের নিকট এবং সেই মতে গমন করিল পুতি জন
আপনং পরিজন ও পিতৃ বংশানুযায়ি।

পর্ব্ব ৩

এই আহারন ও মোশার পুরুষাবলি সে দিবসে
যখন য়িহুহা কথা কহিলেন মোশার সহিত সিনী
২ পর্ব্বতে এই আহারনের পুত্রেরদের নাম পুথম পুত্র
৩ নদব পরে আবিহুয়া ও আলিয়েঁজর ও আইতমর এই
আহারন যাজকের পুত্রেরদের নাম যাহারা অভিষিক্ত
হইল যাহারদিগকে তিনি পবিত্র করিলেন যাজকতা
৪ করণার্থে। নদব ও আবিহুয়া অপবিত্র অগ্নি ৎসর্গ
করিয়া মরিল য়িহুহার সম্মুখে সিনী অরণ্যেতে
তাহারা অপুত্রক এবং আলিয়েঁজর ও আইতমর

যাজকতা করিল তাহারদের পিতা আহারনের
গোচরে।
৫ এবং যিহুহা এ কথা কহিলেন মোশাকে
৬ লোঙ্গীর গোষ্ঠী নিকট আনিয়া আহারন যাজকের
সাক্ষাৎ করাও তাহার পরিচারকতা করিতে।
৭ তাহারা রক্ষা করুক তাহার ও সমস্ত মণ্ডলির
হকুল্লা মণ্ডলির পবিত্র তাম্বুর সন্মুখে থাকন ও সেবা
৮ করনেতে এবং তাহারা রক্ষা করুক মণ্ডলির
পবিত্র তাম্বুর সমস্ত সামগ্রী ও যিশরালের
সন্তানেরদের হকুল্লা পবিত্র তাম্বুর সেবা করনেতে।
৯ তুমি দিও লোঙ্গীরা আহারন ও তাহার সন্তানের
দিগেরে তাহারা খোলয়ানা দেয়া যায় তাহারদের
১০ জিম্মায় যিশরালের সন্তানেরদিগ হইতে। তুমি
ও নিযুক্ত কর আহারন ও তাহার পুত্রেরদিগকে তাহার
দের যাজকতার ক্রিয়া করিতে এবং কোন বৈরঙ্গি
নিকট আইলে তাহাকে মারিয়া ফেলিতে হবেক।
১১ যিহুহা এ কথা কহিলেন মোশাকে। আমি দেখ
১২ আমিই লইয়াছি লোঙ্গীরদিগকে যিশরালের
সন্তানেরদিগ হইতে যিশরালের সন্তানেরদের
প্রথম জন্মাত গর্ব্ভ মুলার বদলি অতএব লোঙ্গীরা
১৩ হবেক আমার। সমস্ত প্রথম জাতই আমার। যে
দিন আমি মারিয়া ফেলিলাম মিচর দেশের সমস্ত
প্রথম জাত সে দিবসে পবিত্র করিলাম আপনার
কারন যিশরালের সমস্ত প্রথম জাত মনুষ্য এবং
পশু তাহারা হবেক আমার। আমি যিহুহা।

১৪ য়িহুহা ও এ কথা কহিলেন মোশাকে মিনী
১৫ অরন্যে গননা কর লোঈর সন্তানেরদিগকে তাহার
দের বংশ২ পরিজন২ প্রতি পুরুষ এক মাস বয়ক্রম
১৬ অবধি গননা করিও তাহাতে মোশা গননা করিল
তাহারদিগকে য়িহুহার বাক্যানুযায়ি যেমত আজ্ঞা
১৭ পাইয়াছিল এই লোইর সন্তানেরা তাহারদের
১৮ নামে২ গের্শন ও কহত ও মররি। এই গের্শনের
পুত্রেরদের নাম তাহারদের পরিজন২ লবনি ও
১৯ শাময়ি। কহতের পুত্রগন তাহারদের পরিজন২
২০ উমরাম ও য়িচহর ও হুবরোন ও উজিএল। মররির
পুত্রগন তাহারদের পরিজন২ মহ্লি ও মোশি। এই
লোঈরদের পরিজন তাহারদের বংশানুযায়ি।
২১ গের্শন হইতে হইল লাবনী বংশ ও শাময়ি বংশ
২২ ইহারা গার্শনীর গোষ্ঠী তাহারদের যাহারা২
গননা ছিল সমস্ত পুরুষের গননানুযায়ি এক মাস
বয়ক্রমাধিক যাহারা২ গননা ছিল সাত হাজার
২৩ পাঁচশত। গার্শনী বংশ তাম্বু খাড়া করিবে
২৪ পবিত্র তাম্বুর পাছে পশ্চিমদিগে ও গার্শনী বংশের
অধ্যক্ষ হইল লালের পুত্র আলিসফ। গার্শনীর
২৫ দের হকুল্লা পবিত্র তাম্বুর মধ্যে হবেক পবিত্র
তাম্বু ও তাম্বু ও ঘটাটোপ ও মণ্ডলির পবিত্র তাম্বুর
২৬ দ্বারের পরদা এবং উঠানের পরদা ও উঠানের
দ্বারের পরদা যাহা পবিত্র তাম্বু ও যজ্ঞ কুণ্ডের কাছে
চারিদিগে এবং তাহার সমস্ত দড়ারশি তাহার
সকল কার্য্যের জন্য।

২৭ কহত হইতে আমরমী বংশ ও য়িচরী বংশ ও
হাবরনী বংশ ও ওজিএলী বংশ এই কাহতীরদের
২৮ বংশেরা সমস্ত পুরুষ এক মাস বয়ক্রমাবধি
অষ্ট হাজার ছয় শত যাহারা করে পবিত্র স্থানের
২৯ হকুল্লা। কহতের সন্তানের বংশেরা পবিত্র
৩০ তাম্বুর দক্ষিনদিগে তাম্বু খাড়া করিবেক। কহতের
বংশের প্রধান ওজিএলের পুত্র আলিচফন ও
৩১ তাহারদের হকুল্লা সিন্দুক ও মেজ ও গাছপ্রদীপ
ও কুণ্ড এবং পবিত্র স্থানের পাত্র যাহাতে তাহার
সেবা করে এবং পরদা ও তাহার সমস্ত
৩২ কর্ম্ম এবং আহারন যাজকের পুত্র আলিয়েঁজর
হবেক লোঙ্গীরদের প্রধানেরদের প্রধান ও শাসন
করিবেক তাহারদের উপর যাহারা করে পবিত্র
স্থানের হকুল্লা।
৩৩ মররি হইতে মাহলী ও মোশী বংশ এই মররির
৩৪ বংশেরা তাহারদের যাহারা গননা ছিল সকল
পুরুষের গননানুযায়ি এক মাস বয়ক্রমাবধি ছয়
৩৫ হাজার দুই শত। মররী বংশের প্রধান আবিহৈলের
পুত্র জোরিএল ইহারা তাম্বু খাড়া করিবেক পবিত্র
৩৬ তাম্বুর উত্তর দিগে। মররির সন্তানেরদের হকুল্লা
হবেক পবিত্র তাম্বুর তক্তা ও বাতা ও থাম ও
চুঙ্গি ও তাহার সমস্ত সামগ্রী এবং সমস্ত যাহা
৩৭ লাগে তাহাতে ও চারিদিগের উঠানের থাম ও
৩৮ তাহার চুঙ্গি ও খিল ও রজ্জারসি কিন্তু যাহারা

তাম্বু খাড়া করিবেক পবিত্র তাম্বুর সন্মুখে পূর্ব্ব
দিগে তাহাই মণ্ডলির পবিত্র তাম্বুর সন্মুখে পূর্ব্ব
দিগেই তাহারা মোশা ও আহারন ও তাহার পুত্রেরা
পবিত্র স্থানের হকুল্লা করনেতে য়িশরালের সন্তানের
দের হকুল্লাই এবং অন্য লোক নিকট আইলে মারিয়া
৩৯ ফেলা হবেক লোঙ্গীরদের সমস্ত যাহারা২ গননা
ছিল য়িহুহার আজ্ঞায় যাহারদিগকে মোশা ও
আহারন গননা করিল পরিজন২ সমস্ত পুরুষ এক
মাস বয়ক্রমাবধি বাইশ হাজার ।

৪০ পরে য়িহুহা বলিলেন মোশাকে গননা কর
য়িশরালের সমস্ত প্রথম জন্মিত পুরুষেরদিগকে এক
মাস বয়ক্রমাবধি এবং লও তাহারদের নামের গননা
৪১ পরে লও লাঙ্গীরদিগকে আমার কারন য়িশরালের
সন্তানেরদের সমস্ত প্রথম জন্মিতের বদলে । আমি
য়িহুহা । লোঙ্গীরদের সমস্ত পশুগন ও হবেক
য়িশরালের সন্তানেরদের পশুগনের সমস্ত প্রথম
৪২ বাচ্চার বদলে । মোশা গননা করিল য়িশরালের
সন্তানেরদের প্রথম জন্মিতেরদিগকে যেমত য়িহুহা
৪৩ আজ্ঞা দিয়াছিলেন তাহাকে সমস্ত প্রথম জন্মিত
পুরুষ নামের গননানুযায়ি এক মাস বয়ক্রমাবধি
যাহারা গননা ছিল বাইশ হাজার দুই শত
তেহাত্তর ।

৪৪ য়িহুহা ও এ কথা কহিলেন মোশাকে । লোঙ্গীর
৪৫ দিগকে লও য়িশরালের সন্তানেরদের সমস্ত প্রথম
জন্মিতের বদলে ও লোঙ্গীরদের পশু তাহারদের পশু

গনের বদলে তাহাতে লোঈরা হবেক আমার। আমি
৪৬ য়িহুহা। য়িশ্রালের সন্তানেরদের প্রথম জন্মিত
যাহারদিগিকে খালাস হবেক সে দুই শত তেহাত্তরই
৪৭ যাহারা লোঈরদিগ হইতে অধিক তাহার
দের কারন লও মাথাং পাঁচং শেকল পবিত্র
৪৮ শেকলানুযায়ি। একং শেকল কুড়ি গেরা। গনাধি
ধিক লোকেরদের খালাস হওয়া টাকা দিও
৪৯ আহারন ও তাহার পুত্রেরদিগিকে। পরে মোশা
লইল সে অধিক লোকের খালাস হওয়া টাকা
যাহারা লোঈরদের বদলি লোকের অধিক।
৫০ য়িশ্রালের সন্তানেরদের প্রথম জন্মিতেরদের
ঠাঁই টাকা লইলই এক হাজার তিনশত পঞ্চষট্টি
৫১ শেকল পবিত্র শেকলানুযায়ি। মোশা সে
খালাসিরদের টাকা দিল আহারন ও তাহার
পুত্রেরদিগিকে য়িহুহার বাক্যানুযায়ি যেমত য়িহুহা
আজ্ঞা দিয়াছিলেন মোশাকে।

পর্ব্ব য়িহুহা এ কথা কহিলেন মোশা ও আহারনকে।
৪ গননা করিয়া লও কহতের সন্তানেরদের একুন লোইর
সন্তানেরদের মধ্যে হইতে তাহারদের পরিজন
৩ ও বংশানুক্রমে। ত্রিশ বৎসর বয়ক্রমাবধি
পঞ্চাশ বৎসর পর্য্যন্ত যাহারা সকলে সৈন্য স্থলে
যায় যগুলির পবিত্র তাম্বুতে কার্য্য করিতে।
৪ কহতের সন্তানেরদের এই কার্য্য যগুলির পবিত্র
৫ তাম্বুর মধ্যে মহা পবিত্র বস্তুর কার্য্য করনে যখন

সৈন্য আগে যায় তখন আহারন ও তাহার পুত্রেরা
আসিয়া ঘটাটোপ নামাওক ও সাক্ষীর সিন্দুক
৬ তাহাতে ঢাকুক। পরে শণ্ডরের চামড়ার ঘটা
টোপ দিওক তাহার ওপরে এবং তাহার ওপর
ছাইয়া দিওক নীল রঙ্গি কাপড় তারপর তাহার
৭ সাইঙ্গি দিওক তাহাতে। পরে নীল কাপড় পাতুক
দর্শনীয় রুটির যেজের ওপরে ও তাহার ওপর থুক
তাহার থাল ও চামচ ও বড় পাত্র ও ঢাকনের
সরঞ্জাম এবং নিত্য নিয়মিত রুটি হবেক তাহার
৮ ওপর। পরে সিন্দুরীয় কাপড় বিছাইয়া দিওক
তাহার ওপরে এবং তাহা ঢাকুক শণ্ডরের চামড়ার
ঘটাটোপ দিয়া ও তাহার সাইঙ্গি দিওক।
৯ তাহারা ও নীল কাপড় লইয়া ঢাকিয়া রাখুক
আলো নিমিত্তক গাছপ্রদীপ ও তাহার প্রদীপ ও
গুলতরাঘ ও গুলতরাঘের পাত্র ও সমস্ত তৈলের
১০ পাত্র যাহাতে তাহার সেবা করে। তাহারা ও থুক
তাহার সমস্ত পাত্র শণ্ডরের চামড়ার ঘটাটোপের
১১ নিচে এবং সাইঙ্গি দিওক তাহাতে। তাহারা ও নীল
কাপড় দিওক সোনার কুণ্ডের ওপরে এবং তাহা
ঢাকুক শণ্ডরের চামড়ার ঘটাটোপ দিয়া পরে তাহার
১২ সাইঙ্গি দিওক। তাহারা ও সেবা করনের সামগ্রী
যাহাতে তাহার সেবা করে পবিত্র স্থানে সে সমস্ত
লইয়া রাখুক নীল কাপড়ের মধ্যে ও ঢাকুক শণ্ডরের
চামড়ার ঘটাটোপ দিয়া পরে তাহার সাইঙ্গি দিওক।
১৩ তাহারা ও যজ্ঞ কুণ্ডের ছাই বাহির করিয়া লওক

১৪ ও বাগুনীয় রঙ্গ কাপড় দিউক তাহার উপরে। এবং
তাহার উপরে থুক তাহার সমস্ত পাত্র যাহা তাহার
সেবা করে ধুনাচি ও মাংসাকর্ষণী ও হাতা ও পাত্র
ও যজ্ঞকুণ্ডের সমস্ত বাসন পরে তাহার উপরে
বিচাণ্ডক শশুরের চামড়ার ঘটাটোপ এবং সাইঙ্গ
১৫ দিউক তাহাতে। আহারন ও তাহার পুত্রেরা
পবিত্র তাম্বূ ও পবিত্র স্থানের সকল সামগ্রী ঢাকন
সাঙ্গ করিলে তখন সৈন্যের আগে যাওন কালে
কহতের সন্তানেরা তাহা বহিতে আসুক কিন্তু
স্পর্শ করুক না কোন শুচি বস্তু পাছে মরিবে।
এই কহতের সন্তানেরদের কার্য্য মণ্ডলির পবিত্র
তাম্বুর মধ্যে।

১৬ এবং আহারন যাজকের পুত্র আলিয়েঁজরের
জিম্মায় হবেক আলো করনের তৈল ও সুগন্ধি ও
নিত্য নিয়মিত চরু এবং অভিষেকার্থ তৈল এবং
পবিত্র তাম্বুর সমস্ত তদবির ও যে সমস্ত আছে
তাহার মধ্যে পবিত্র স্থানে এবং তাহার সমস্ত
পাত্র।

১৭ যিহুহা ও এ কথা কহিলেন মোশা এবং আহারন
১৮ কে ছেদন করিও না কহতের গোষ্ঠীর পরিজনের
১৯ দিগকে লোকেরদের মধ্যে হইতে কিন্তু তাহারদের
বাঁচন ও না মরনের নিমিত্ত ইহা কর তাহারদিগকে।
তাহারা মহা পবিত্র বস্তুর নিকট আইলে আহারন
ও তাহার পুত্রেরা ভিতরে যাইয়া নিযুক্ত করুক তাহার
দের এক২ জনকে আপন২ কার্য্যে এবং আপন২

২০ বোঝায় কিন্তু শুচি বস্তু ঢাকনের সময় তাহারা দেখিতে যাওক না পাছে মরিবেক।

২১ যিহুহা এ কথা কহিলেন মোশাকে গণনা
২২ কর গের্শনের সন্তানেরদিগকে তাহারদের সমস্ত
২৩ বংশাং পরিজনং ত্রিশ বৎসর বয়ক্রম অবধি পঞ্চাশ বৎসর পর্য্যন্ত গণন করিও তাহারদিগকে সকলেই যাহা সেবা করিতে প্রবেশ করে তাহাই
২৪ মণ্ডলির পবিত্র তাম্বুর কার্য্য করিতে এই গার্শনী পরিজনেরদের কার্য্য সেবা করিতে ও বোঝা বহিতে।
২৫ তাহারা বহিবেক পবিত্র তাম্বুর পরদা এবং মণ্ডলির পবিত্র তাম্বু তাহার ঘটাটোপ ও তাহার উপরের শশুরের চামড়া ঘটাটোপ ও মণ্ডলির পবিত্র তাম্বুর
২৬ দ্বারের পরদা ও উঠানের পরদা ও উঠানের দ্বারের পরদা যাহা পবিত্র তাম্বুর নিকট ও যজ্ঞকুণ্ডের চারিদিগে ও তাহারদের রসারসি এবং তাহার সেবার সকল সামগ্রী ও সমস্ত যাহা কৃত তাহার
২৭ কারণ সেই মত তাহারা সেবা করিবেক যেমত আহারণ ও তাহার পুত্রেরা নিযুক্ত করে সেই সকল কার্য্য হইবেক গার্শনীর সন্তানেরদের তাহারদের সমস্ত বোঝা ও কার্য্যে তোমরা ও তাহারদিগকে নিযুক্ত করিয়া করিবা তাহারদের
২৮ সমস্ত বোঝা এই গের্শনের সন্তানেরদের পরিজনের কার্য্য মণ্ডলির পবিত্র তাম্বুর মধ্যে তাহারদের কার্য্য হবেক আহারণ যাজকের পুত্র আইতমারের জিম্মায়।

২৯ মররির সন্তানের এই মত হবেক তুমি গননা
কর তাহারদের পরিজনং তাহারদের বংশানুযায়ি
৩০ ত্রিশ বৎসর বয়ক্রমাবধি পঞ্চাশ বৎসর পর্য্যন্ত
গননা কর তাহারদিগকে প্রতি জন যে প্রবস্ত আছে
৩১ মণ্ডলির পবিত্র তাম্বুর কার্য্য করিতে এই তাহারদের
কর্ম্ম নিরূপন তাহারদের সমস্ত ক্রিয়ানুযায়ি মণ্ডলির
পবিত্র তাম্বুর মধ্যে পবিত্র তাম্বুর তক্তা ও বাতা ও
৩২ থাম ও চুঙ্গি এবং গুঠানের চারিদিগের থাম ও
তাহার চুঙ্গি ও খিল ও রস্যারসি তাহারদের সমস্ত
সামগ্রী ও তাহার সমস্ত কার্য্যের সহিত তোমরা
নামং করিয়া ও গননা কর তাহারদের নিরূপিত
৩৩ কার্য্যের সামগ্রী এই মররির সন্তানেরদের
পরিজনের কার্য্য মণ্ডলির পবিত্র তাম্বুর মধ্যে তাহার
দের সমস্ত কার্য্যানুযায়ি আহারন যাজকের পুত্র
আইতমরের নিচে।

৩৪ পরে মোশা ও আহারন ও মণ্ডলির প্রধানেরা
গননা করিল কহতের সন্তানেরদিগকে তাহারদের
৩৫ পরিজনং বংশং ত্রিশ বৎসর বয়ক্রমাবধি পঞ্চাশ
বৎসর পর্য্যন্ত যে প্রতি জন প্রবস্ত হয় মণ্ডলির পবিত্র
৩৬ তাম্বুর কার্য্যের কারন তাহারদের যাহারাং গননা
৩৭ হইল পরিজনং দুই হাজার সাত শত পঞ্চাশ এইং
তাহারা যাহারা গননা ছিল কহতের বংশের মধ্যে
যে মণ্ডলির পবিত্র তাম্বুর কার্য্য করিতে পারে যাহার
দিগকে মোশা এবং আহারন গননা করিল য়িহহার
আজ্ঞানুযায়ি মোশার হাতে।

৩৮ গের্শনের সন্তানেরদের যাহারাঃ গননা ছিল
৩৯ পরিজনঃ বংশঃ ত্রিশ বৎসর বয়ক্রমাবধি পঞ্চাশ
বৎসর পর্য্যন্ত যাহারাঃ প্রবর্ত্ত হইল মণ্ডলির পবিত্র
৪০ তাম্বুর কার্য্য করিতে তাহারদের যাহারাঃ গননা
৪১ হইল পরিজনঃ বংশঃ দুই হাজার ছয়শত ত্রিশ এই
গের্শনের পরিজনের যাহারাঃ গননা হইল যাহারা
কার্য্য করিতে পারিল মণ্ডলির পবিত্র তাম্বুতে যাহার
দিগকে মোশা এবং আহারন গননা করিল য়িহ্বহার
আজ্ঞানুযায়ি ।

৪২ মররির সন্তানেরদের পরিজনেদের যাহারা গননা
৪৩ হইল পরিজনঃ বংশঃ ত্রিশ বৎসর বয়ক্রমাবধি
পঞ্চাশ বৎসর পর্য্যন্ত যাহারাঃ প্রবর্ত্ত হইল মণ্ডলির
৪৪ পবিত্র তাম্বুর কার্য্য করিতে তাহারদের যাহারাঃ
৪৫ গননা হইল পরিজনঃ তিন হাজার দুই শত এই সকল
মররির সন্তানেরা যাহারদিগকে মোশা ও আহা
রন গননা করিল য়িহ্বহার বাক্যানুযায়ি মোশার
৪৬ হাতে । লোব্বীরদের যাহারা গননা ছিল যাহার
দিগকে মোশা ও আহারন ও য়িশরালের
৪৭ প্রধানেরা গননা করিল পরিজনঃ বংশঃ ত্রিশ
বৎসর বয়ক্রমাবধি পঞ্চাশ বৎসর পর্য্যন্ত যে
প্রতি জন আইল সেবার কার্য্য করিতে এবং মণ্ডলির
৪৮ পবিত্র তাম্বুতে বোঝার কার্য্য করিতে । তাহারদের
যাহারাঃ গননা হইল, অষ্ট হাজার পাঁচশত আশি ।
৪৯ য়িহ্বহার আজ্ঞানুযায়ি তাহারা গননা ছিল মোশার
মারফত প্রতি জন তাহার কার্য্য ও বোঝানুযায়ি

তাহারা গননা ছিল তাহার হাতে যে মত যিহোহা
আজ্ঞা দিলেন মোশাকে।——

পর্ব্ব যিহোহা এ কথা কহিলেন মোশাকে যিশরালের
৫ সন্তানেরদিগকে আজ্ঞা কর সৈন্য স্থলের বাহির
করিতে প্রতি মহাব্যাধিগ্রস্ত ও যাহারদের ধাতু
৩ চলে ও মরা স্পর্শে অশুচি যে জন হইয়া থাকে পুরুষ
ও নারী সৈন্যস্থলির বাহিরে করিয়া দিও তাহার
দিগকে তাহারা যেন অশুচি করে না সৈন্য স্থলি
৪ যাহার মধ্যে আমি বাস করি। অতএব যিশরালের
সন্তানেরা সৈন্য স্থলির বাহির করিয়া দিল তাহার
দিগকে যেমত যিহোহা কহিলেন মোশাকে সেই মত
করিল যিশরালের সন্তানেরা।——

৫ যিহোহা ও কহিলেন মোশাকে এ কথা। কহ
৬ যিশরালের সন্তানেরদিগকে কোন পুরুষ কি
নারী যদি কোন মনুষ্যকৃত পাপ করিয়া থাকে
অপরাধি করিয়া যিহোহার কাছে এবং সে লোক হয়
৭ অপরাধি তখন সে কৃত পাপ কবুল করিতে
হবে পরে তাহার আসল ও পাঁচয়াংশ অধিক
নিশা করিয়া দিওক তাহাকে যাহার কাছে অপরাধি
৮ করিয়াছে। যদি সে মানুষের কোন কুটুম্ব না
থাকে যাহার কাছে অপরাধের নিশা করিতে পারে
তবে নিশা দিওক যিহোহাকে তাহাই যাজকের
কাছে প্রায়শ্চিত্যার্থ মেষ ছাড়া যাহাতে প্রায়শ্চিত্য
৯ করিতে হইবে তাহার কারন। যিশরালের সন্তানের

দের পবিত্র বস্তুর প্রতি নিবেদনার্থীয় যাহা তাহারা
১০ আনে যাজকের কাছে তাহাই হবেক তাহার প্রতি
জনের পবিত্র বস্তু ও হবেক তাহার যাহা২ কোন
১১ কহ দেয় যাজককে তাহাই হবেক তাহার।
১২ যিহুহা এ কথা কহিলেন মোশাকে কহ যিশরালের
সন্তানেরদিগকে যদি কোন মানুষের জায়া কুপথী
১৩ হইয়া অপরাধ করে তাহার বিপরিতে ও আর কোন
পুরুষ শৃঙ্গার করিয়া থাকে তাহার সহিত ও তাহা গুপ্ত
হয় তাহার স্বামীর দৃষ্ট হইতে ও সংগোপন থাকে এবং
সে অসতী হয় ও তাহার বিপরিতে সাক্ষী না থাকে
১৪ ও কেহ তাহাকে ধরিয়া না থাকে এবং তাহার মনে
স্বুন্যাত্মা উঠে ও তাহার জায়া অসতী হইয়া সে স্বুন্য
হয় তাহার বিষয় কি যদি তাহার স্বুন্যাত্মা হয় এবং
তাহার জায়া অসতী না হইয়া সে স্বুন্য হইয়া থাকে
১৫ তখন সে মানুষ তাহার জায়া যাজকের কাছে
আনুক সে ও আনুক নিবেদনার্থীয় তাহার কারণ
এক দশমাংশ যবের আটা তাহার উপরে তৈল কি
লবান দিউক না তাহাই স্বুন্যার্থ নিবেদনার্থীয় তাহা
১৬ অযথার্থ স্মরণার্থ নিবেদনার্থীয় তখন যাজক
তাহাকে নিকট আনিয়া বসাউক যিহুহার সন্মুখে।
১৭ এবং যাজক লউক পবিত্র জল মাটিয়া পাত্রে
করিয়া যাজক ও সে পবিত্র স্থানের তলির কিছু ধূলা
১৮ লইয়া দিউক সেই জলে পরে যাজক সে মাইয়া
মানুষকে যিহুহার সন্মুখে বসাইয়া উদলা করুক
তাহার মাথা এবং স্মরণার্থের নিবেদনার্থীয়

দিওক তাহার হাতে স্মুন্যার্থ নিবেদনার্থীয়েই। যাজক
ও হাতে করিয়া লওক সে তিক্ত শাপ দাইক জল
১৯ পরে যাজক কিরার বাক্য কহিয়া বলুক সে যাইয়া
মানুষকে যদি কোন মানুষ শৃঙ্গার করিয়া না থাকে
তোমাকে ও যদি কুপথী হইয়া অক্রিয়া করিয়া না থাক
তোমার স্বামীর বদলে তবে ওদ্ধার হও এ তিক্ত শাপ
২০ দাইক জল হইতে কিন্তু যদি কুপথী হইয়া থাকহ
আর কাহাক সাতে তোমার স্বামীর বদলে তাহাতে
অসতী হইয়াছ ও তোমার স্বামী ছাড়া কোন পুরুষ
২১ শৃঙ্গার করিয়া থাকে তোমাকে তবে যাজক শাপ
দেওন কিরা বাক্য বলিবেক সেই মাইয়া মানুষের
কাছে যাজকই বলিবেক মাইয়া মানুষকে য়িহহা
করাওন তোমাকে শাপ্য ও কিরা বাক্য তোমার
লোকেরদের মধ্যে যখন য়িহহা তোমার ওরু
২২ পচাইবেন ও তোমার পেট ফুলাইবেন এবং এই
শাপ দাইক জল যাবে তোমার ওদরে তোমার পেট
ফুলাইতে ও তোমার ওরু পচাইতে। পরে সে মাইয়া
২৩ মানুষ বলুক আমেন২। যাজক ও এক পুথিতে
লিখুক এ সমস্ত শাপ কথা তারপর সে তিক্ত জল
২৪ দিয়া মুছিয়া ফেলাওক তাহা পরে নারীকে তিক্ত শাপ
দাইক জল পান করাওক এবং সে তিক্ত শাপ দাইক
২৫ জল তাহার মধ্যে যাইয়া তিক্ত হবে তখন যাজক
লওক সে স্মুন্যার্থ নিবেদনার্থীয় সে নারীর হাত
হইতে এবং দোলাওক সে নিবেদনার্থীয় য়িহহার
সম্মুখে পরে তাহা ওৎসর্গ করুক যজ্ঞকুণ্ডের

২৬ ওপর পরে যাজক সে স্মরনার্থের সামগ্রীর
এক মুটা লইয়া পোড়াওক কুণ্ডের ওপরে এবং তাহার
২৭ পরে মাইয়া মানুকে সে জল খাওয়াওক সে জল
খাওয়াইলে এমত হবেক যদি সে অসতী হয় এবং
অসত ক্রিয়া করিয়া থাকে তাহার স্বামীর বিপরিতে
তবে শাপ দাইক জল তাহার মধ্যে যাইয়া তিক্ত
হবেক তাহাতে তাহার পেট ফুলিবেক ও তাহার ওরু
পচিবেক ও সে নারী হবেক শাপঘাতী তাহার
২৮ লোকেরদের মধ্যে কিন্তু যদি সে মাইয়া নষ্ট
না হইয়া থাকে ও সতী হয় তবে ওদ্ধার ও
২৯ পুত্রবতী হবেক এই ক্ষুন্য হওয়ার বিধান যখন
জায়া কুপথী হইয়া আর এক জনের কাছে যায়
৩০ আপনার স্বামীর বদলে ও নষ্টা হয় কিম্বা যখন
ক্ষুন্যাত্মা আইসে তাহার ওপরে এবং সে তাহার
জায়ার ওপরে ক্ষুন্য হইয়া বসাইবেক সে নারীকে
য়িহুহার সন্মুখে তখন যাজক করিবেক তাহার
৩১ ওপরে এ সকল বিধান ইহাতে সে মানুষ
নিরপরাধি হইবেক তাহার পাপ হইতে এবং সে নারী
আপনার অপরাধ ভোগ করিবে।

পর্ব্ব ৬ য়িহুহা এ কথা কহিলেন মোশাকে। কহ য়িশরা
লের সন্তানেরদিগকে কোন স্ত্রী কি পুরুষ মানুষ যদি
নজীর নিয়ম করিয়া অপনি পবিত্র করে স্বতন্ত্র
৩ হওনের জন্য য়িহুহার কাছে তবে সে ত্যাগ করুক
দ্রাক্ষারস ও চোকা পানীয় বস্তু দ্রাক্ষারস কি চোকা
পানীয়ে বস্তুর শেরকা ও খাওক না দ্রাক্ষার কোন

প্রকার রস ও খাওক না ও কাঁচা কি সুখা দ্রাক্ষা ফল
৪ খাওক না। তাহার সকল স্বতন্ত্র হওয়া দিনে
দ্রাক্ষা বৃক্ষের শাঁস ছলাদি কোন বস্তু খাওক না।
৫ তাহার আলাদা হওয়া নিয়মের সকল দিবস ক্ষৌর
আইসুক না তাহার মাথায় সেই দিবস পূর্ণ হওন
পর্য্যন্ত যাহাতে সে আলাদা হইয়াছে য়িহুহার কাছে
সে হইবেক পবিত্র তাহার চুলের আগা বাড়াইতে
৬ দিওক। যে সমস্ত দিবস আলাদা হইয়া থাকে
য়িহুহার কাছে তাহার মধ্যে কোন শবের নিকট
৭ আইসুক না। তাহার পিতা মাতা ভ্রাতা কি
ভগিনী মরিলে আপনাকে অশুচি করুক না তাহার
দের কারন ঈশ্বরের পবিত্রতা আছে তাহার মাথার
৮ ওপরে। তাহার স্বতন্ত্র হওয়ার সকল দিবস সে
৯ আছে পবিত্র য়িহুহার কাছে। যদি কোন মানুষ
আচম্বিতে মরে তাহার নিকটে এবং তাহার পবিত্র
তার মাথা অশুচি হইয়া থাকে তবে তাহার শুচি
হওয়া দিবসে মাথা কামাওক সপ্তম দিনেই সে
১০ ক্ষৌরি হওক অষ্টম দিবসে দুইটা ঘুঘু কি দুইটা
কবুতরের বাচ্চা আনুক যাজকের কাছে মণ্ডলির
১১ পবিত্র তাম্বুর দ্বারে তখন যাজক তাহার একটা
পাপের নিবেদনার্থের কারন আর একটা আহুতির
কারন ওৎসর্গ করিয়া তাহার প্রায়শ্চিত্ত করুক
তাহার মরা স্পর্শন পাপার্থে তখন পবিত্র করিবেক
১২ তাহার মাথা সেই দিনে। সে পবিত্র করিবেক
য়িহুহার কাছে তাহার আলাদা হওনের দিন একটা

এক বৎসরীয় মেষের বাচ্ছা আনিয়া অপরাধীথে ওৎসর্গের কারন কিন্তু তাহার আলাদা হওয়া নষ্ট হইলে পূর্ব্বকার দিবস বৃথা যাবেক।

১৩ এই নজীরের বিধান। তাহার পৃথক হওয়া দিবস পূর্ণ হইলে তাহাকে আনিতে হবেক মণ্ডলির পবিত্র

১৪ তাম্বুর দ্বারে। এবং ওৎসর্গ করিয়া দিওক তাহার নিবেদনার্থীয় য়িহুহার কাছে একটা নিখুঁতি একবৎসরীয় মেষের বাচ্ছা আহুতির কারন এবং একটা একবৎসরীয় নিখুঁতি মেষের বাচ্ছী পাপের ওৎসর্গের কারন ও এক নিখুঁতি মেষ সস্ত্যায়নের

১৫ কারন ও এক টুকরি বেখমির রুটি ও ভাল শুজির তৈলাক্ত রুটি ও বেখমির তৈলদেয়া খাজা

১৬ এবং তাহারদের চরু ও পানীয় বস্তু। পরে যাজক তাহা য়িহুহার সন্মুখে আনিয়া ওৎসর্গ করিয়া দিওক তাহার পাপের নিবেনার্থীয় ও

১৭ আহুতি তৎপরে সস্ত্যায়নের মেষ ওৎসর্গ করিয়া দিওক য়িহুহার কাছে সে টুকরি বেখমির রুটির সহিত যাজক ও তাহার চরু এবং পানীয়

১৮ ওৎসর্গ করুক তখন নজীরের স্বতন্ত্র হওয়া মাথার ক্ষৌর হওক মণ্ডলির পবিত্র তাম্বুর দ্বারের কাছে ও তাহার আলাদা হওয়া মাথার চুল লইয়া দিওক আগুনে যাহা আছে সস্ত্যায়ন বলিদানের নিচে।

১৯ তারপর যাজক সে মেষের সিদ্ধি কাধ ও সে টুকরির একটা বেখমির রুটি ও একখান বেখমির খাজা লইয়া দিওক নজীরের হাতে তাহার আলাদা হওয়া

২০ চুল কামানের পরে। ও যাজক তাহা দোলাওক
দোলন নিবেনার্থীয় য়িহূহার সন্মুখে। ইহা পবিত্র
যাজকের কারন দোলনীয় বুব ও আরও কাঁধি
সুদ্ধ তাহার পরে নজীর দ্রাক্ষারস খাইতে পারি
২১ বেক। এই নজীরের বিধান যে নিয়ম করিয়া
থাকে ও এই তাহার নিবেদনার্থীয় য়িহূহার কাছে
তাহার আলাদা হওনের কারন তাহা ছাড়া যাহা
তাহার হাত পাবেক সে নিয়মের অনুযায়ি যাহা
করিয়াছে যাহা তাহার অবশ্য করিতে হয় তাহার
আলাদা হওয়ার বিধানানুযায়ি।

২২ য়িহূহা এ কথা কহিলেন মোশাকে কহ আহরন
২৩ ও তাহার পুত্রেরদিগকে তোমরা এই মতে আশীস
২৪ দিও য়িশরালের সন্তানেরদিগকে ও এই কথা
২৫ বল তাহারদিগকে য়িহূহা বর দিওন ও রক্ষা
করুন তোমাকে য়িহূহা আপনার মুখের দীপ্তি
২৬ করুন ও অনুগ্রহ করুন তোমার ওপরে য়িহূহা
আপনার মুখ ওদয় করুন তোমার ওপরে ও
২৭ তোমার কুশল দিওন। পরে তাহারা থুক আমার
নাম য়িশরালের সন্তাদেরদের ওপরে এবং আমি
আশীর্ব্বাদ দিব তাহারদিগকে।

পর্ব্ব মোশা পবিত্র তাম্বু খাড়া করিলে এবং তাহা ও
৭ তাহার সমস্ত সামগ্রী অভিষেক করিয়া পবিত্র করিলে
যজ্ঞকুণ্ডই ও তাহার সমস্ত পাত্র অভিষেক করিয়া
২ পবিত্র করিলে য়িশরালের অধ্যক্ষেরা তাহারদের

বংশেরদের প্রধান গোষ্ঠীর অধ্যক্ষেরা যাহারা সে
৩ গনিতেরদের উপর উৎসর্গ করিয়া আনিল
আপনং নিবেদনার্থীয় য়িহুহার সাক্ষাৎ ছাদ
ওয়ালা ছয়খান গাড়ি এবং বারোটা বলদ দুইং
অধ্যক্ষের একং গাড়ি এবং একং জন একং বলদ
৪ তাহারা আনিল তাহা পবিত্র তাম্বুর সন্মুখে। পরে
৫ য়িহুহা কহিলেন মোশাকে তাহারদিগ হইতে লও
তাহা মণ্ডলির পবিত্র তাম্বুর কার্য্য করনের কারন
এবং দেও তাহা লোঙ্গীরদের জিম্মায় প্রতি মানুষের
৬ আপনার কার্য্যানুযায়ি অতএব মোশা সে গাড়ি ও
৭ বলদ লইয়া দিল লোঙ্গীরদের জিম্মায় দুই গাড়ি ও
চারি বলদ দিল গের্শনের সন্তানেরদিগকে তাহারদের
৮ কার্য্যানুযায়ি এবং চারি গাড়ি ও আট বলদ দিল
মররির সন্তানেরদিগকে তাহারদের কার্য্যানুযায়ি
৯ আহারন যাজকের পুত্র আইতমরের এক্তিয়ারে। কিন্তু
কহাতের সন্তানেরদিগকে দিল না একারন তাহার
দের পবিত্র স্থানের কার্য্য হইল স্কন্ধ করিয়া বহিতে।
১০ যজ্ঞকুণ্ড পবিত্র করনের জন্য তাহার অভিষেক
হইলে সেই দিবসে অধ্যক্ষেরা উৎসর্গ করিয়া দিল
১১ আপনং নিবেদনার্থীয় যজ্ঞকুণ্ডের সন্মুখে। এবং
য়িহুহা কহিলেন মোশাকে তাহারা নিবেদনার্থীয়
উৎসর্গ করিয়া দিউক একং অধ্যক্ষ আপনং
১২ দিবসে যজ্ঞকুণ্ড পবিত্র করনের জন্য। য়িহোদা
গোষ্ঠীর উম্মিনদবের পুত্র নক্ষশোন উৎসর্গ
১৩ করিল প্রথম দিনে তাহার নিবেদনার্থীয়

১৩ প্রথম দিবসে। তাহার উৎসর্গীয় একখান
রূপার পরাত একশত ত্রিশ শেকল ওজন সত্তরি
শেকল ওজনের একটা বাটী পবিত্র শেকলানুযায়ি
সে দুই তৈল মিশ্রিত বিলক্ষন শুজি পূর্ণ চরুর
১৪ কারন। দশ শেকল সোনার একখান চামচ সুগন্ধি
১৫ ধূপ পূর্ণ। একটা আঁড়িয়া বাছুর একটা মেষ একটা
১৬ এক বৎসরীয় মেষের বাচ্চা আহুতির কারন। একটা
১৭ বাচ্চা ছাগল পাপের নিবেদনার্থীয়। এবং স্বস্ত্যয়ন
বলিদানের কারন দুইটা বলদ পাঁচটা মেষ পাঁচটা
পাঁঠা ছাগল পাঁচটা একবৎসরীয় মেষের বাচ্চা। এই
ওমিনদবের পুত্র নহশোনের নিবেদনার্থীয়।
১৮ য়িশস্থরের অধ্যক্ষ চোওরের পুত্র নতনাল উৎসর্গ
১৯ করিয়া দিল দ্বিতীয় দিনে। তাহার উৎসর্গীয় এক
খান রূপার পরাত একশত ত্রিশ শেকল ওজন একটা
রূপার বাটী সত্তরি শেকল ওজন পবিত্র শেকলা
নুযায়ি সে দুই বিলক্ষন শুজি তৈল মিশ্রিত পূর্ণ চরুর
২০ কারন। একখান দশ শেকলের সোনার চামচ
২১ সুগন্ধি ধূপ পূর্ণ। একটা আঁড়িয়া বাছুর একটা মেষ
একটা এক বৎসরীয় মেষের বাচ্চা আহুতির কারন।
২২ একটা ছাগলের বাচ্চা পাপ উৎসর্গের কারন এবং
২৩ স্বস্ত্যয়ন বলিদানের কারন দুইটা বলদ পাঁচটা মেষ
পাঁচটা পাঁঠা ছাগল পাঁচটা এক বৎসরীয় মেষের
বাচ্চা। এই চোওরের পুত্র নতনালের নিবেদনার্থীয়।
২৪ তৃতীয় দিনে জবুলনের অধ্যক্ষ হলনের পুত্র

২৫ অলিয়াব। তাহার নিবেদনার্থীয় একখান কপার পরাত একশত ত্রিশ শেকল ওজন সত্তরি শেকলের একটা কপার বাটী পবিত্র শেকলানুযায়ি সে দুই তৈল
২৬ মিশ্রিত বিলক্ষন শুজি পূর্ন চরুর কারন। একখান
২৭ দশ শেকলের সোনার চামচ সুগন্ধি পর্ন। একটা আঁড়িয়া বাছুর একটা মেষ এক বৎসরীয় একটা মেষের
২৮ বাচ্চা আহুতির কারন। একটা ছাগলের বাচ্চা পাপ
২৯ উৎসর্গের কারন। এবং স্বস্তায়ন বলিদানের কারন দুইটা বলদ পাঁচটা মেষ পাঁচটা পাঁঠা ছাগল এক বৎসরীয় পাঁচটা মেষের বাচ্চা। এই হুলনের পুত্র আলিয়াবের নিবেদনার্থীয়।

৩০ চতুর্থ দিবস রাওবনের সন্তানেরদের অধ্যক্ষ
৩১ শদিয়াওরের পুত্র আলিছোর। তাহার নিবেদনার্থীয় একখান কপার পরাত একশত ত্রিশ শেকল ওজন একটা কপার বাটী সত্তরি শেকল ওজন পবিত্র শেকলানুযায়ি সেই দুই তৈল মিশ্রিত বিলক্ষন শুজি পূর্ন
৩২ চরুর কারন। একখান সোনার চামচ দশ শেকল
৩৩ ওজন সুগন্ধ পূর্ন। একটা আঁড়িয়া বাছুর একটা মেষ এক বৎসরীয় একটা মেষের বাচ্চা আহুতির
৩৪ কারন। একটা বাচ্চা ছাগল পাপের নিবেদনার্থীয়।
৩৫ এবং স্বস্তায়নের কারন দুইটা বলদ পাঁচটা মেষ পাঁচটা পাঁঠা ছাগল পাঁচটা এক বৎসরীয় মেষের বাচ্চা। এই শদিয়াওরের পুত্র আলিছোরের নিবেদনার্থীয়।

৩৬ পঞ্চম দিবসে শিমওনের সন্তানেরদের অধ্যক্ষ
৩৭ জোরিশদীর পুত্র শলমিএল। তাহার নিবেদনার্থীয়

একখান রূপার পরাত একশত ত্রিশ শেকল ওজন
একটা রূপার বাটী সত্তরি শেকল ওজন পবিত্র শেকলা
নুযায়ি সেই দুই তৈল মিশ্রিত বিলক্ষন শুক্তি পূর্ন চরুর
৩৮ কারন । একখান সোনার চামচ দশ শেকল
৩৯ ওজন সুগন্ধি পূর্ন । একটা আঁড়িয়া বাছুর একটা
মেষ একটা এক বৎসরীয়া মেষের বাচ্চা আহুতির
৪০ কারন । একটা বাচ্চা ছাগল পাপ নিবেদনার্থীয়।
৪১ এবং স্বস্ত্যয়ান বলিদানের কারন দুইটা বলদ পাঁচটা
মেষ পাঁচটা পাঁঠা ছাগল পাঁচটা এক বৎসরীয়
মেষের বাচ্চা । এই ছোরিশদ্দীর পুত্র শলমিএলের
নিবেদনার্থীয় ।———

৪২ ষষ্ঠম দিবস গাদের সন্তানেরদের অধ্যক্ষ দউএ
৪৩ লের পুত্র আলিসফ । তাহার নিবেদনার্থীয় এক
খান রূপার পরাত একশত ত্রিশ শেকল ওজন একটা
রূপার বাটী শত্তরি শেকল ওজন পবিত্র শেকলানুযায়ি
সেই দুই তৈল মিশ্রিত বিলক্ষন শুক্তি পূর্ন চরুর
৪৪ কারন। একখান সোনার চামচ দশ শেকল ওজন
৪৫ সুগন্ধি ধূপ পূর্ন । একটা আঁড়িয়া বাছুর একটা মেষ
একটা এক বৎসরীয়া মেষের বাচ্চা আহুতির কারন।
৪৬ একটা বাচ্চা ছাগল পাপ নিবেনার্থীয়। এবং
৪৭ স্বস্ত্যয়ন বলিদানের কারন দুইটা বলদ পাঁচটা মেষ
পাঁচটা পাঁঠা ছাগল পাঁচটা এক বৎসরীয় মেষের
বাচ্চা। এই দউএলের পুত্র আলিসফের নিবেনার্থীয়।
৪৮ সপ্তম দিবসে আফ্রিমের সন্তানেরদের অধ্যক্ষ
৪৯ চমিহোদের পুত্র আলিশমা। তাহার নিবেদনার্থীয়

৫০ একখান রূপার পরাত ত্রিশ শেকল ওজন একটা রূপার
বাটী সত্তরি শেকল ওজন পবিত্র শেকলানুযায়ি সে
দুই তৈল মিশ্রিত বিলক্ষন শুজি পূর্ণ ঢকর কারন।
একখান সোনার চামচ দশ শেকল ওজন সুগন্ধি
৫১ ধূপ পূর্ণ। একটা আঁড়িয়া বাছুর একটা মেষ একটা
এক বৎসরীয়া মেষের বাচ্ছা আহুতির কারন।
৫২ একটা বাচ্ছা ছাগল পাপ নিবেদনার্থীয়। এবং স্বস্ত্যয়ন
৫৩ বলিদানের কারন দুইটা বলদ পাঁচটা মেষ পাঁচটা
পাঁঠা ছাগল পাঁচটা এক বৎসরীয় মেষের বাচ্ছা। এই
ঊমিহোদের পুত্র আলিশমাঁর নিবেদনার্থীয়।—
৫৪ অষ্টম দিবস মনশার সন্তানেরদের অধ্যক্ষ পদা
৫৫ হচোরের পুত্র গমলিএল। তাহার নিবেদনার্থীয়
একখান রূপার পরাত একশত ত্রিশ শেকল ওজন
একটা রূপার বাটী সত্তরি শেকল ওজন পবিত্র
শেকলানুযায়ি সে দুই তৈল মিশ্রিত বিলক্ষন শুজি
৫৬ পূর্ণ ঢকর কারন। একখান সোনার চামচ দশ
৫৭ শেকল ওজন সুগন্ধি ধূপ পূর্ণ। একটা আঁড়িয়া
বাছুর একটা মেষ একটা একবৎসরীয়া মেষের বাচ্ছা
৫৮ আহুতির কারন। একটা ছাগল বাচ্ছা পাপের
৫৯ নিবেদনার্থীয়। এবং স্বস্ত্যয়ন বলিদানের কারন
দুইটা বলদ পাঁচটা মেষ পাঁচটা পাঁঠা ছাগল
এক বৎসরীয় পাঁচটা মেষের বাচ্ছা। এই পদাহচোরের
পুত্রে গমলিএলের নিবেদনার্থীয়।——
৬০ নবম দিবস বেনিমনের সন্তানেরদের অধ্যক্ষ
৬১ গদঁনির পুত্র আবিদন। তাহার নিবেদনার্থীয়

একখান রুপার পরাত একশত ত্রিশ শেকল ওজন
একটা রুপার বাটী সত্তরি শেকল ওজন পবিত্র শেকলা
নুযায়ি সে দুই তৈল মিশ্রিত বিলক্ষন শুচি পূর্ন চরুর
৬২ কারন। একখান সোনার চামচ দশ শেকল
৬৩ ওজন সুগন্ধি ধূপ পূর্ন। একটা আঁড়িয়া বাছুর
একটা মেষ একটা এক বৎসরীয় মেষের বাচ্চা
৬৪ আহুতির কারন। একটা বাচ্চা ছাগল পাপের
৬৫ নিবেদনার্থীয়। এবং স্বস্ত্যয়ন বলিদানের কারন
দুইটা বলদ পাঁচটা মেষ পাঁচটা পাঁঠা ছাগল এক
বৎসরীয় পাঁচটা মেষের বাচ্চা। এই গদ্দঁনির পুত্র
আবিদনের নিবেদনার্থীয়।———
৬৬ দশম দিবস দনের সন্তানেরদের অধ্যক্ষ
৬৭ উম্মিশদ্দীর পুত্র আহ্নিয়েঁজর। তাহার নিবেদনার্থীয়
একখান রুপার পরাত একশত ত্রিশ শেকল ওজন
একটা রুপার বাটী সত্তরি শেকল ওজন পবিত্র শেকলা
নুযায়ি সে দুই তৈল মিশ্রিত বিলক্ষন শুজি পূর্ন চরুর
৬৮ করন। একখান সোনার চামচ দশ শেকল ওজন
৬৯ সুগন্ধি ধূপ পূর্ন। একটা আঁড়িয়া বাছুর
একটা মেষ এক বৎসরীয় একটা মেষের বাচ্চা
৭০ আহুতির কারন। একটা বাচ্চা ছাগল পাপ
৭১ নিবেদনার্থীয়। এবং স্বস্ত্যয়ন বলিদানের কারন
দুইটা বলদ পাঁচটা মেষ পাঁচটা পাঁঠা ছাগল এক
বৎসরীয়া পাঁচটা মেষের বাচ্চা। এই উম্মিশদ্দীর পুত্র
আহ্নিয়েঁজরের নিবেদনার্থীয়।———
৭২ একাদশম দিবস আশরের সন্তানেরদের অধ্যক্ষ

৭৩ ওয়্যানের পুত্র পলর্যিএল। তাহার নিবেদনার্থীয়ি
একখান রুপার পরাত একশত ত্রিশ শেকল ওজন
একটা রুপার বাটী সত্তরি শেকল ওজন পবিত্র
শেকলানুযায়ি সে দুই তৈল মিশ্রিত বিলক্ষন শুজি পূর্ন
৭৪ চরুর কারন। একখান সোনার চামচ দশ
৭৫ শেকল ওজন সুগন্ধি ধূপ পূর্ন। একটা আঁড়িয়া
বাছুর একটা মেষ এক বৎসরীয় একটা মেষের বাচ্ছা
৭৬ আহুতির কারন। একটা বাচ্ছা ছাগিল পাপের
৭৭ নিবেদনার্থীয়। এবং স্বস্ত্যায়ন বলিদানের কারন
দুইটা বলদ পাঁচটা মেষ পাঁচটা পাঁঠা ছাগিল এক
বৎসরীয় পাঁচটা মেষের বাচ্ছা। এই ওয়্যানের পুত্র
পলর্যিলের নিবেদনার্থীয়।—

৭৮ দ্বাদশম দিবস নপ্তলির সন্তানেরদের অধ্যক্ষ
৭৯ ঐনলের পুত্র আক্রিরা। তাহার নিবেদনার্থীয়ি এক
খান রুপার পরাত এক শত ত্রিশ শেকল ওজন একটা
রুপার বাটী সত্তরি শেকল ওজন পবিত্র শেকলানুযায়ি
সে দুই তৈল মিশ্রিত বিলক্ষন শুজি পূর্ন চরুর কারন।
৮০ একখান সোনার চামচ দশ শেকল ওজন সুগন্ধি ধূপ
৮১ পূর্ন। একটা আঁড়িয়া বাছুর একটা মেষ এক
৮২ বৎসরীয় একটা মেষের বাচ্ছা আহুতির কারন।
৮৩ একটা বাচ্ছা ছাগিল পাপের নিবেদনার্থীয়। এবং
স্বস্ত্যায়ন বলিদানের কারন দুইটা বলদ পাঁচটা মেষ
পাঁচটা পাঁঠা ছাগিল এক বৎসরীয় পাঁচটা মেষের বাচ্ছা।
এই ঐনলের পুত্র আক্রিরার নিবেদনার্থীয়।——

৮৪ এই যজ্ঞ কুণ্ডের পবিত্র করনের ক্রিয়া যে দিবসে তাহার

অভিষেক ছিল য়িশ্রালের সন্তানেরদের অধ্যক্ষ
দিগেতে। বারোখান রূপার পরাত বারোটা রূপার বাটী
৮৫ বারোখান সোনের চামচ। সে রূপার এক২ খান পরাত
একশত ত্রিশ শেকল ওজন এক২ টা বাটী সত্তরি শেকল।
সমস্ত রূপার পাত্র দুই হাজার চারি শত শেকল
৮৬ ওজন পবিত্র শেকলানুযায়ি। সোনার চামচ বারোখান
সুগন্ধি ধূপ পূর্ন এক২খান দশ শেকল ওজন পবিত্র
৮৭ শেকলানুযায়ি। চামচের সমস্ত সোনা এক শত বিশ
শেকল। আহুতির কারন সমস্ত বলদ বারোটা আঁড়িয়া
মেষ বারোটা এক বৎসরীয় মেষের বাছা বারোটা
তাহারদের চরু সমেত। পাপ নিবেদনার্থিয় বাছা
৮৮ ছাগল বারোটা। ও স্বস্ত্যয়ন বলিদানের সমস্ত
বলদ চবিবশটা মেষ ষাইটটা পাঁঠা ছাগল ষাইটটা এক
বৎসরীয় মেষের বাছা ষাইটটা। এই যজ্ঞ কুণ্ডের পবিত্র
করন ক্রিয়া তাহা অভিষেক করনের পরে।
৮৯ মোশা তাহার সহিত কথা কহিতে মণ্ডলির পবিত্র
তাম্বুতে গিয়া শুনিলেন এক জনের রব কথা কহিতে২
তাহাকে ক্ষমাসনের উপর থাকিয়া যাহা সাক্ষীর
সিন্দুকের উপরে দুই খিরবিরদের মধ্যে স্থল হইতে।
এবং তিনি কহিলেন তাহাকে।

পর্ব্ব য়িহুহা এ কথা কহিলেন মোশাকে কহ আহারন
৮ কে তুমি প্রদীপ জ্বালিলে সাতটা প্রদীপ দীপ্তি দিওক
৩ গাছপ্রদীপের সন্মুখে ও আহারন তাহা করিল
সে প্রদীপই জ্বালিল গাছপ্রদীপের সন্মুখে যেমত
৪ য়িহুহা আজ্ঞা করিয়াছিলেন মোশাকে। গাছ

প্রদীপের গঠন ছিল সোনা পিটনের কার্য্য তাহার
দাণ্ডি ফুলাদি সমস্তই কোপের গঠন সে নমুনানুযায়ি
যাহা য়িহুহা দেখাইয়াছিলেন মোশাকে। সেই মত
করিল গাছপ্রদীপ।
৫ এবং য়িহুহা এ কথা কহিলেন মোশাকে লোঙ্গীর
৬ দিগকে য়িশরালের সন্তানেরদের মধ্যে হইতে লইয়া
৭ পবিত্র কর। তাহারদিগকে পবিত্র করিতে এই মত কর
শুচি করনের জল ছিটাইয়া দেহ তাহারদের ওপরে
ও তাহারদের সমস্ত শরীর ক্ষৌর হওক ও তাহার
দের বস্ত্র ধৌত করুক এই মত তাহারা শুচি হওক
৮ তাহার পরে তাহারা লওক একটা আঁড়িয়া বাছুর
তাহার চরুর সহিত তৈল মিশ্রিত বিলক্ষন শুজিই তুমি
ও লও আর একটা আঁড়িয়া বাছুর পাপ নিবেদনা
৯ র্থীয়ের কারন পরে লোঙ্গীরদিগকে মণ্ডলির
পবিত্র তাম্বুর সন্মুখে আনিয়া একত্র কর য়িশরালের
১০ সমস্ত মণ্ডলি এবং আন লোঙ্গীরদিগকে য়িহুহার
সন্মুখে পরে য়িশরালের সন্তানেরা হাত দিওক
১১ লোঙ্গীরদের ওপরে তখন আহারন ওৎসর্গ
করুক লোঙ্গীরদিগকে য়িহুহার সন্মুখে য়িশরালের
সন্তানেরদের নিবেদানর্থীয় তাহারা য়িহুহার
১২ সেবা করনার্থে তারপর লোঙ্গীরা সে আঁড়িয়ার
মাথার ওপরে হাত দিলে তুমি ওৎসর্গ করিয়া
দেহ একটা পাপ নিবেদনের কারন আর একটা
আহুতির কারন প্রায়শ্চিত্ত করিতে লোঙ্গীরদের
১৩ কারন। তুমি ও বসাও লোঙ্গীরদিগকে আহারন

ও তাহার পুত্রেরদের সন্মুখে এবং ওৎসর্গ করিয়া
দেহ তাহারদিগকে নিবেদনার্থীয় য়িহ্বার কাছে।
১৪ এই মতে আলাদা কর লেবীরদিগকে য়িশরালীর
দের মধ্যে হইতে এবং লেবীরা হবেক আমার।
১৫ তারপরে লেবীরা যাইয়া করুক মণ্ডলির পবিত্র
তাম্বুর কার্য্য ও তুমি পবিত্র কর এবং ওৎসর্গ
১৬ করিয়া দেও তাহারদিগকে তাহারা সমস্তই
আমার দত্ত য়িশরালের সন্তানেরদের মধ্য হইতে
প্রতি প্রথম জাতের বদলে য়িশরালের সমস্ত সন্তানে
রদের প্রথম জন্মিতের বদলেই আমি লইয়াছি
১৭ তাহারদিগকে। য়িশরালের সন্তানেরদের সমস্ত
প্রথম জন্মিত আমার মানুষ ও পশু। যে দিবস
আমি সংহার করিলাম মিস্রীরদের সমস্ত প্রথম
জাত সেই দিবস আমি পবিত্র করিলাম তাহারদিগকে
১৮ আপনার কারণ এবং আমি লইয়াছি লেবীর
দিগকে য়িশরালের সমস্ত প্রথম জাতের বদলে।
১৯ আমি ও দানের মত দিয়াছি লেবীরা আহারণ
ও তাহার সন্তানেরদিগকে য়িশরালের সন্তানের
দের মধে হইতে য়িশরালের সন্তানেরদের
কার্য্য করনের জন্য মণ্ডলির পবিত্র তাম্বুতে এবং
প্রায়শ্চিত্ত করিতে য়িশরালের সন্তানেরদের জন্য
যাহাতে কোন বিঘাত না হয় য়িশরালের সন্তানের
দের মধ্যে যখন য়িশরালের সন্তানেরা আইসে
২০ পবিত্র স্থানের নিকট। এবং মোশা ও আহারণ

ও য়িশরালের সন্তানের সমস্ত মণ্ডলি করিল লোঈর
দিগকে যে সকলের মত য়িহুহা আজ্ঞা করিয়াছিলেন
মোশাকে লোঈরদের বিষয় সেই মত করিল
২১ য়িশরালের সন্তানেরা তাহারদিগকে। লোঈরা
শুচি হইল ও কাপড় ধৌত করিল এবং আহারণ
উৎসর্গ করিয়া দিল তাহারদিগকে নিবেদনার্থীয়
য়িহুহার সন্মুখে আহারণ ও তাহারদিগকে শুচি
করণার্থে করিল প্রায়শ্চিত্য তাহারদের কারণ
২২ তারপর লোঈরা গেল কার্য্য করিতে মণ্ডলির পবিত্র
তাম্বুতে আহারণ ও তাহার পুত্রেরদের সাক্ষাতে।
যেমত য়িহুহা আজ্ঞা দিয়াছিলেন মোশাকে লোঈর
দের বিষয় সেই মত তাহারা করিল তাহারদিগকে।

২৩ য়িহুহা এ কথা কহিলেন মোশাকে এই লোঈর
২৪ দের বিধি পঁচিশ বৎসর বয়ক্রমাবধি তাহারা কার্য্য
২৫ করিতে যাবেক মণ্ডলির পবিত্র তাম্বুতে এবং পঞ্চাশ
বৎসর বয়ক্রমে তাহারা কার্য্য করণ সাঙ্গ করিবেক
২৬ পরে আর কার্য্য করিবেক না কিন্তু তাহারদের
ভ্রাতারদিগের সহিত মণ্ডলির পবিত্র তাম্বুর হকুল্লা
সেবা করিবেক ও কার্য্য করিবেক না। এই মত
কর লোঈরদিগকে তাহারদের কার্য্যের বিষয়।—

পর্ব ৯
সিনী অরণ্যেতে য়িহুহা এ কথা কহিলেন মোশা
১ কে তাহারা মিসর ছাড়নের পরে দ্বিতীয় বৎসরের
২ প্রথম মাসে য়িশরালের সন্তানেরা ও পেশাক্ষ

৩ করুক নিরূপিত কালে এই মাসের চতুর্দ্দশয় দিবস
সায়ং-কালে কর তাহা নিরূপিত কালেই আজ্ঞা
নুযায়ি ও তাহার সমস্ত ক্রিয়ানুযায়ি তাহা কর।
৪ অতএব মোশা পেশাক্ষ করিতে কহিল য়িশরালের
৫ সন্তানেরদিগকে তাহাতে তাহারা পেশাক্ষ করিল
প্রথম মাসের চতুর্দ্দশয় দিবস সায়ং-কালে সিনী
অরণ্যে যেমত য়িহুহা আজ্ঞা করিয়াছিলেন মোশাকে
সেই মত করিল য়িশরালের সন্তানেরা।

৬ তৎকালে কএক লোক মরা মনুষ্যে অশুচি হইয়া
পেশাক্ষ করিতে পারিল না সে দিবসে অতএব তাহারা
আইল মোশা ও আহারনের সাক্ষাৎ সে দিবসে
৭ সে লোকেরাই বলিল আমরা মরা মনুষ্যে অশুচি
হইয়াছি আমরা কেন বাধিত হইয়াছি য়িহুহার
নিবেদনার্থীয় উৎসর্গ করিতে স্বকালে য়িশরালের
৮ সন্তানেরদের সহিত। তখন মোশা বলিল
তাহারদিগকে তোমরা রহ আমি শুনিব য়িহুহা কি
আজ্ঞা করিবেন তোমারদের বিষয়।

৯ তখন য়িহুহা এ কথা কহিলেন মোশাকে কহ
১০ য়িশরালের সন্তানেরদিগকে যদি তোমারদের কি
তোমারদের সন্তানেরদের কোন কেহ মরা মনুষ্যে
অশুচি হয় কি অন্য দেশ ভ্রমণে থাকে তথাপি সে
১১ করুক য়িহুহার পেশাক্ষ দ্বিতীয় মাসের চতুর্দ্দশয়
দিবস সায়ং-কালে তাহা করুক এবং তাহা খাওক
১২ বেখমিরি রুটি ও তিক্ত শাকের সহিত তাহারা ও
কিছু বাকি রাখুক না প্রাতকাল পর্য্যন্ত কোন হাড় ও

ছাড়ুক না পেশাক্কর সমস্ত ক্রিয়ার আজ্ঞানুযায়ি তাহারা
১৩ তাহা করুক। যে মানুষ শুচি থাকে ও অপ্রবাসী
কিন্তু পেশাক্ক করে না সে মানুষই ছেদন করা
হবেক তাহার লোক হইতে সে আনিল না
য়িহুহার নিবেদনার্থীয় তাহার সময়ে সে মানুষ
১৪ আপনার পাপের ভোগ করিবেক। কোন বিদেশী
তোমারদের সাতে বসতি করিলে যদি য়িহুহার
পেশাক্ক করিতে চাহে তবে তাহা করুক; পেশাক্কের
আজ্ঞা ও ব্যবহারানুযায়ি তোমারদের এক ব্যবস্থা
হওক স্বজাতি এবং বিদেশীর কারন।
১৫ যে দিবস পবিত্র তাম্বু খাড়া হইয়াছিল সে দিবসে
মেঘে ঢাকিল পবিত্র তাম্বু তাহাই সাক্ষীর তাম্বু ও
সায়ংকালে অগ্নি আকরের মত ছিল পবিত্র তাম্বুর
১৬ ওপরে প্রাতঃকাল পর্য্যন্ত সেই মত হইল সদাকাল
মেঘ ঢাকিল তাহা দিবসে ও আগুনের মত প্রকাশ
১৭ রাত্রেতে যখন মেঘ গত হইল পবিত্র তাম্বু হইতে
তাহার পরে য়িশরালের সন্তানেরা গমন করিল
যেখানে সে মেঘ যাইয়া তিষ্ঠিল সেই খানে ও য়িশ
রালের সন্তানেরা তাহারদের তাম্বু খাড়া করিল।
১৮ য়িহুহার আজ্ঞাতে য়িশরালের সন্তানেরা গমন করিল
এবং য়িহুহার আজ্ঞাতে তাহারা তাম্বু খাড়া করিল
যাবৎ মেঘ থাকিল পবিত্র তাম্বুর ওপরে তাবৎ তাহারা
১৯ আরাম করিল তাম্বুর মধ্যে। যখন মেঘ বহুকাল
থাকিল পবিত্র তাম্বুর ওপরে তখন য়িশরালের সন্তা
নেরা রক্ষা করিল য়িহুহার হকুম্মা ও যাত্রা করিল না

২০ ও যখন মেঘ অল্প কাল থাকিল পবিত্র তাম্বুর ওপরে
য়িহোহার আজ্ঞানুযায়ি তাহারা থাকিল তাহারদের
তাম্বুর মধ্যে এবং য়িহোহার আজ্ঞানুযায়ি তাহারা
২১ ভ্রমণ করিল যখন মেঘ থাকিল সায়ংকালাবধি
প্রাতঃ কাল পর্য্যন্ত ও মেঘ অন্তর হইল প্রাতে তখন
তাহারা ভ্রমন করিল যদি মেঘ অন্তর হইল দিবসে
২২ কি রাত্রে তাহারা ভ্রমন করিল দুই দিন কি একমাস
কি এক বৎসর যদি মেঘ তিষ্ঠিয়া থাকিল পবিত্র
তাম্বুর ওপরে সেই খানে য়িশরালের সন্তানেরা ও
থাকিল তাহারদের তাম্বুর মধ্যে এবং ভ্রমন করিল না
কিন্তু যখন অন্তর হইল তখন তাহারা ভ্রমন করিল
২৩ য়িহোহার আজ্ঞাতে তাহারা থাকিল তাম্বুর মধ্যে
ও য়িহোহার আজ্ঞাতে তাহারা ভ্রমন করিল তাহারা
রক্ষা করিল য়িহোহার হুকুম যেমত য়িহোহা আজ্ঞা
করিয়াছিলেন মোশাকে।

পর্ব্ব য়িহোহা ও একথা কহিলেন মোশাকে দুইটা রূপার
১০ তুরি গঠন কর এক থান হইতে গঠন কর তাহা ও
তাহা হবে সভা ডাকন ও সৈন্য ভ্রমন করনের
৩ কারন তাহারা তাহা বাজাইলে সমস্ত সভা একত্র
হওক তোমার কাছে মণ্ডলির পবিত্র তাম্বুর দ্বারে।
৪ ও তাহারদের একটা বাজাইলে অধ্যক্ষেরা য়িশরালের
সহস্রেরদের প্রধানেরাই একত্র হওক তোমার কাছে।
৫ যখন রাগ করিয়া বাজাও তখন পূর্ব্বদিগের সৈন্য
৬ অগ্রগামী হওক যখন রাগ করিয়া বাজাও দ্বিতীয়

বার তখন দক্ষিনদিগের সৈন্য আগে চলুক
তাহারা রাগ করিয়া বাজাওক তাহারদের চলনের
৭ কারন। যখন মণ্ডলি একত্র হইতে চাহে তখন বাজাও
৮ কিন্তু রাগ করিয়া বাজাইও না আহারন যাজকের
পুত্রেরা বাজাইবেক সে তুরি এবং তাহা হবে
তোমার কারন সদাকালের বিধানে তোমারদের
৯ সমস্ত পুরুষানুক্রমে। যদি তোমারদের দৌরাত্মা
শত্রুরদের সহিত রন করিতে যাও তোমারদের দেশে
তখন তুরি বাজাও রাগ করিয়া ও তোমরা তোমার
দের ঈশ্বর য়িহ্বহার স্মৃতিতে হইয়া উদ্ধার হবা
১০ তোমারদের শত্রু হইতে তোমারদের আল্হাদ ও
পৰ্ব্ব দিবসে ও তোমারদের মাসের আরম্ভে তুরি
বাজাও তোমারদের আহুতি ও স্বস্ত্যয়ন বলিদানর
স্থানে যেন তাহা হবে তোমারদিগের স্মরনার্থে
তোমারদের ঈশ্বরের সন্মুখে। আমি য়িহ্বহা
তোমারদের ঈশ্বর।

১১ দ্বিতীয় বৎসরের দ্বিতীয় মাসের কুড়ি দিবসে
মেঘ অন্তর হইল সাক্ষীর পবিত্র তাম্বুর উপর
হইতে। তখন য়িশরালের সন্তানেরা ভ্রমনে চলিল
১২ সিনী অরন্য হইতে এবং মেঘ তিষ্ঠিল পারন
অরন্যে। তাহাতে তাহারা প্রথমে চলিল য়িহ্বহার
১৩ আজ্ঞানুযায়ি মোশার মারফত।
১৪ য়িহোদার সন্তানেরদের সৈন্যের ধ্বজ চলিল
প্রথমে তাহারদের সৈন্যানুযায়ি এবং তাহার

সৈন্যের সেনাপতি ঊমিনদবের পুত্র নহ্শোন।
১৫ য়িশশ্খরের সন্তানের গোষ্ঠীর সৈন্যের সেনাপতি
১৬ চোওরের পুত্র নথনীল। জবুলনের সন্তানেরদের
গোষ্ঠীর সৈন্যের সেনাপতি হেলনের পুত্র আলিয়াব।

১৭ পবিত্র তাম্বু খুলিয়া নামিলে গের্শন ও মররির
সন্তানেরা তাম্বু বহিতেং যাত্রা করিল।

১৮ পরে রূবেনের সৈন্যের ধ্বজ আগে চলিল
তাহারদের সৈন্যানুযায়ি ও তাহার সৈন্যের সেনা
১৯ পতি শদিয়ূরের পুত্র আলিচোর। শিমিয়োনের
সন্তানেরদের গোষ্ঠীর সৈন্যের সেনাপতি চোরি
২০ শদীর পুত্র শলুমিএল। গাদের সন্তানেরদের গোষ্ঠীর
সৈন্যের সেনাপতি দয়ূএলের পুত্র আলিসফ।

২১ পরে কহতীরা পবিত্র স্থানের সামগ্রী বহিতেং
আগে চলিল এবং অন্যেরা পবিত্র তাম্বু খাড়া করিল
তাহারদের আইসনের আগে।

২২ পরে আফ্রিমের সন্তানেরদের সৈন্যের ধ্বজ আগে
চলিল তাহারদের সৈন্যানুযায়ি তাহার সৈন্যের সেনা
২৩ পতি ঊমিহোদের পুত্র আলিশমা। মনশার সন্তানের
দের গোষ্ঠীর সৈন্যের সেনাপতি পদাহচোরের
২৪ পুত্র গমলিএল। বেনিমনের সন্তানেরদের গোষ্ঠীর
সৈন্যের সেনাপতি গিদনির পুত্র আবিদন।

২৫ দনের সন্তানেরদের সৈন্যের ধ্বজ আগে চলিল
সকল সৈন্যের পাছে তাহার সৈন্যানুযায়ি তাহার

সৈন্যের সেনাপতি ওম্রিশদীর পুত্র আহিয়েজর।
২৬ আশরের সন্তানের গোষ্ঠীর সৈন্যের সেনাপতি
২৭ ওখ্রানের পুত্র পগিয়েল। নপ্তলির সন্তানেরদের
গোষ্ঠীর সৈন্যের সেনাপতি ওনিনের পুত্র আহীরা
২৮ এই মত য়িশরালের সন্তানেরদের যাত্রা তাহারদের
সৈন্যানুযায়ি যখন তাহারা যাত্রা করিল।
২৯ মোশা বলিল মোশার শ্বশুর রুওএল মদীনীর পুত্র
হুববকে আমরা যাইতেছি সেই স্থানে যাহার বিষয়
য়িহুহা কহিয়াছিলেন যে তাহা দিব তোমারদিগকে
তুমি আইস আমারদের সাতে ও আমরা
তোমার ভাগ্য করিব য়িহুহা ভাগ্যই কহিয়াছেন
৩০ য়িশরালের বিষয়। সে বলিল আমি যাইব না কিন্তু
আমি যাইব আমার দেশে আপনার কুটুম্বেরদের
৩১ কাছে। সে বলিল আমি নিবেদন করি
আমারদিগকে ছাড়িয়া যাইও না তুমি জ্ঞাত আছ
যে আমারদের তাম্বু ফেলাইতে হবে অরন্যে ও তুমি
৩২ হইতে পারিবা আমারদের চক্ষুর ন্যায় তুমি আমার
দের সাতে গেলে আমারদের যেং ভাগ্য য়িহুহা
করেন সেই মত আমরাও অবশ্য করিব তোমাকে।
৩৩ তাহারা য়িহুহার পর্ব্বত ছাড়িয়া গেল তিন
দিনের পথ ও য়িহুহার বন্দোবস্ত সিন্দুক চলিল
তাহারদের আগে সে তিন দিনের পথে আরাম
করনের জায়গা তল্লাষ করিতে তাহারদের কারন।
৩৪ য়িহুহার মেঘ তাহারদের উপরে ছিল দিনে যখন
তাহারা সৈন্য স্থলির বাহিরে গেল এবং যখন

৩৫ সিন্দুক আগে চলিল সে সময়ে মোশা বলিল হে
যিহুহা উত্থান কর তোমার শত্রুরদিগকে ছড়ান
হওক যাহারা ঘৃণা করে তোমাকে তাহারা পলাওক
৩৬ তোমার আগে। তাহার তিষ্ঠন সময়ে ও বলিল ফির
আরে যিহুহা যিশরালের অনেক সহস্রেরদের
কাছে।

পর্ব্ব যখন লোক কচ২ করিল তখন যিহুহা অসন্তুষ্ট
১১ ছিলেন যিহুহা ও তাহা শুনিয়া তাঁহার ক্রোধ প্রজ্বলিত
হইল যিহুহার অগ্নি ও তাহারদের মধ্যে জ্বলিয়া
২ সংহার করিল সৈন্য স্থলের কিনারায় তাহাতে
লোক নালিস করিল মোশার কাছে পরে মোশা
যিহুহার কাছে নিবেদন করিলে অগ্নি নির্ব্বান
৩ হইল। অতএব যিহুহার অগ্নি তাহারদের মধ্যে
জ্বলনার্থে সে স্থানের নাম রাখিল তবঁরা।
৪ তৎকালে তাহারদের মধ্যের মিশ্রিত লোক
কাম করিতে লাগিল যিশরালের সন্তানেরা ও আর
বার ক্রন্দন করিয়া কহিল কেডা মাংস খাইতে
৫ দিবেক আমারদিগকে যে মৎস্য ও পদীনা ও পেয়াজ
ও রসুন ও শসা ও খরমুজ আমরা পরিতোষে
৬ খাইলাম মিছরে তাহার মনে পাই কিন্তু এখন
আমারদের প্রাণ শুষ্ক হইয়াছে কিছু নহে আমার
৭ দের গোচরে এ মান ব্যতিরেক। মান ছিল ধনিয়া
৮ বীজের মত ও তাহার বর্ণ বদলার মত। লোক
যাইয়া একত্র করিল তাহা পরে জাঁতায় পিশিল কি

হাঁমাম দিস্তাতে চূর্ণ করিল তাহা ও খোলায় ভাজিল
কি তাহার রুটি বানাইল ও তাহার আস্বাদু তাজা
৯ তৈলের মত। হিমন্য স্থলের উপর নিহর পড়িলে
মান পড়িল তাহার উপরে।

১০ তখন মোশা শুনিল লোককে পরিজনেং ক্রন্দন
করিতেং তাহারদের তাম্বুর দ্বারে য়িহুহার ক্রোধ
১১ ও মহা প্রজ্বলিত ছিল এবং মোশা অসন্তুষ্ট। তখন
মোশা কহিল য়িহুহাকে কি কারন এ দুঃখ দিয়াছ
তোমার চাকরকে কি কারন অনুগ্রহ পাইলাম না
তোমার গোচরে যে তুমি দিতেছ এ সকল লোকের
১২ ভার আমার উপর এ সকল লোক কি আমার
গর্ব্ভস্থ হইয়াছে আমি কি জন্ম দিয়াছি তাহারদিগকে
যে তুমি বলিয়াছ তোমার বুকে বহ তাহারদিগকে
যেমত প্রতিপালক পিতা বহে দুগ্ধপুষ্য বালককে
সে দেশে যাহা দিতে কিরা করিয়াছ তাহারদের
১৩ পিতৃরদিগকে। আমি কোথায় মাংস পাইব দিতে
এ সকল লোকেরদিগকে তাহারা ক্রন্দন করিয়া
১৪ কহিতেছে আমাকে মাংস খাইতে দেহ আমি
একা সহিতে পারি না এ সকল লোককে সে ভার
১৫ আমার বল হইতে অধিক যদি এমন করিতেছ
আমাকে তবে আমি নিবেদন করি এইক্ষনে
খুন কর আমাকে যদি অনুগ্রহ পাইয়াছি তোমার
গোচরে এবং আপনার দুর্গতি দেখিতে দেও না
আমাকে।

১৬ তখন য়িহুহা কহিলেন মোশিকে একত্র করহ

আমার কাছে য়িশরালের প্রাচীন লোকের সত্তরি জন
যাহারদিগকে জানিতেছ যে তাহারা লোকের প্রাচীন ও
কর্ত্তা পরে আন তাহারদিগকে মণ্ডলির পবিত্র তাম্বুর
কাছে তাহারদের সেখানে ডাণ্ডাইবারার্থে তোমার
১৭ সহিত এবং আমি নামিয়া কথা কহিব তোমার সহিত
সে স্থানে যে আত্মা ও তোমার ওপর তাহা লইয়া
থুইব তাহারদের ওপর ও তাহারা সহিবে লোকের
ভার তোমার সহিত তাহাতে তুমি একা না সহিবা
১৮ তাহা। লোকেরদিগকে ও কহ আপনারদিগকে পবিত্র
করহ কল্যের কারণ তখন মাংস খাইতে পাইবা
১৯ তোমরা কান্দিয়াছ য়িহুহার কর্ণে কহিয়া কেডা মাংস
খাইতে দিবে আমারদিগকে মিছর থাকিলে আমার
দের ভাগ্য হইত অতএব য়িহুহা মাংস দিবেন ও
তোমরা খাইবা। তোমরা এক দিন কি দুই দিন কি পাচ
২০ দিন কি দশ দিন কি বিশ দিন কেবল খাইবা না কিন্তু
পুরা মাস যাবৎ পর্য্যন্ত তাহা বাহিরে হয় তোমার
দের নাকের ছিদ্র দিয়া ও হয় তোমারদর ঘৃনিত বস্তু
কেন না তোমরা তুচ্ছ করিয়াছ য়িহুহাকে যিনি আছেন
তোমারদের মধ্যে ও ক্রন্দন করিয়াছ তাহার সাক্ষাত
২১ কহিয়া কেন বাহিরে আইলাম মিছর হইতে। মোশা
কহিল লোক যাহারদের মধ্যে আমি হই তাহারা
ছয় লক্ষ পদগ এবং তুমি কহিয়াছ আমি মাংস
২২ খাইতে দিব তাহারদিগকে এক পুরা মাস সমস্ত
মেষ গবাদি পাল কি মারিতে হবে পরিতোষ করিতে
তাহারদিগকে কি সমুদ্রের সকল মৎস্য একত্র

২৩ করিতে হবে পরিতোষ করিতে তাহারদিগকে। য়িহুহা
কহিলেন মোশাকে য়িহুহার হাত কি সঙ্কোচিত
আছে তুমি দেখিবা আমার কথা হবে কি না।
২৪ পরে মোশা বাহিরে যাইয়া কহিল য়িহুহার
কথা লোকেরদিগকে ও লোকেরদের সত্তরি প্রাচীন
জনকে একত্র করিয়া রাখিল পবিত্র তাম্বুর চতুদ্দিগে।
২৫ য়িহুহা এক মেঘে নামিয়া কহিলেন তাহার সহিত
পরে যে আত্মা তাহার ওপর তাহার কিছু লইয়া
দিলেন সে সত্তরি প্রাচীন লোককে এবং আত্মা
তাহারদের ওপর বসিলে তাহারা ভবিষ্যত্ত বাক্য
২৬ কহিল ও ত্যাগ করিল না। কিন্তু দুই জন থাকিল
সৈন্য স্থলে এক জনের নাম আল্দদ আর এক জনের
নাম মদদ তাহারা ছিল তাহারদের মধ্যে যাহারদের
নাম লেখা ছিল কিন্তু গেল না পবিত্র তাম্বুর কাছে
এবং আত্মা তাহারদের ওপরে বসিয়া তাহারা কহিল
২৭ ভবিষ্যত বাক্য সৈন্য স্থলে তখন এক জন যুবা
মানুষ মোশার ঠাঁই দৌড়িয়া কহিল আল্দদ ও মদদ
২৮ কহিতেছে ভবিষ্যত বাক্য সৈন্য স্থলে। তাহার এক
যুবা মানুষ নোনের পুত্র য়িহোশুয়া মোশার চাকর
প্রত্যুত্তর করিয়া বলিল আমার প্রভু মোশাহে মানা
২৯ করুন তাহারদিগকে। মোশা কহিল তাহাকে
দ্বেষ করিতেছ আমারার্থে ঈশ্বর করুন য়িহুহার
সমস্ত লোককে যেন ভবিষ্যত বক্তা হয় এবং য়িহুহা
৩০ দেওন আপনার আত্মা তাহারদের ওপর। পরে
মোশা ও য়িশরালের প্রাচীন লোক গেল সৈন্য স্থলে।

৩১ তৎপরে এক বাতাস বাহিরিল য়িহুহা হইতে ও
সমুদ্র হইতে আনিয়া পাডাইল বটুই সৈন্য স্থলের
নিকটে এক দিনের পথের মত এ দিগে ও দিগে
সৈন্য স্থলের চতুর্দ্দিগে ও মাটের ওপর দুই হাত
৩২ আন্দাজ ওষ্টা। তখন লোক খাড়া থাকিল
সে সমস্ত দিবারাত্রি ও পর দিন এবং তাহারা
একত্র করিল সে বটুই যে জন অল্প একত্র করিল
সে একত্র করিল দশ ঔমর পরে তাহারা তাহা
ছড়িয়া দিল আপনারদের কারন সৈন্য স্থলের
৩৩ চতুর্দ্দিগে। যাবৎ মাংস ছিল তাহারদের
দন্তের মধ্যে তাহা চিবনের পূর্ব্বে তবে য়িহুহার
ক্রোধ প্রজ্বলিত ছিল লোকেরদের ওপর এবং
য়িহুহা মারিলেন লোককে মহাঘাত দিয়া।
৩৪ তাহারা সে খানে সে লোকের কবর দিল যাহারা
কাম করিল অতএব সে স্থানের নাম
৩৫ রাখিল কবরত হত্তাবা পরে লোক প্রস্থান করিল
কবরত হত্তাবা হইতে হুচেরোতে এবং স্থিতি করিল
হুচেরোতে।

পর্ব্ব
১২ পরে মারিয়াম ও আহারন কহিল মোশার বিপ
রিতে সে খুশী নারীর জন্য যাহাকে বিবাহ করিয়া
ছিল সেই বিবাহ করিয়াছিল এক জন খুশী।
২ তাহারা বলিল য়িহুহা কি অবশ্য কহিয়াছেন মোশার
মারফত কেবল তিনি ও না কহিয়াছেন আমারদের
৩ মারফত। তখন য়িহুহা শুনিলেন। সে মানুষ মোশা

ছিল অতি নম্র সকল লোক হইতে যাহারা পৃথিবীর
৪ ওপর। তখন য়িহুহা সত্বর কহিলেন মোশা ও
আহারন ও মারিয়ামকে তোমরা তিন জন বাহিরে
আইস মণ্ডলির পবিত্র তাম্বুর কাছে তাহাতে তাহারা
৫ গেল বাহিরে। তখন য়িহুহা সে মেঘের স্তম্ভেতে
নামিয়া দাণ্ডাইলেন পবিত্র তাম্বুর দ্বারে এবং
ডাকিলেন আহারন ও মারিয়ামকে তাহাতে তাহারা
৬ আইল বাহিরে। তিনি কহিলেন আমার কথা
শুনরে যদি কেহ ভবিষ্যত বক্তা হয় তোমারদের
মধ্যে তবে আমি য়িহুহা দর্শনীয়তে প্রকাশ হইব
তাহার ঠাঁই ও স্বপ্নে কথা কহিব তাহার সহিত।
৭ আমার সেবক মোশা এমন নহে যে বিশ্বাসি আমার
৮ সমস্ত ঘরে তাহার সহিত আমি চাক্ষুস মুখা
মুখি কহিব ও অন্ধকারীয় কাহিনিতে নহে সে ও
দেখিতে পাইবে য়িহুহার আভাতা তবে কেন ভয়
করিলা না কথা কহিতে আমার সেবক মোশার
৯ বিপরিতে। তখন য়িহুহার ক্রোধ প্রজ্বলিত ছিল
তাহারদের ওপর তিনি ও প্রস্থান করিলেন।
১০ তৎকালে মেঘ ছাড়িয়া গেল পবিত্র তাম্বু এবং
দেখ মারিয়াম পামর অঙ্গী ছিল বরফের ন্যায় ও
আহারন দৃষ্টি করিল মারিয়ামের ওপর দেখ সে
১১ পামর অঙ্গী ছিল। তাহাতে আহারন কহিল
মোশাকে আহা আমার প্রভু আমি কাকুতি করি
তোমাকে এ পাপ দিও না আমারদের ওপর যাহাতে
আমরা করিয়াছি পাগিলের মত ও তাহায় পাপ

১২ করিয়াছি। তাহাকে হইতে দিও না তাহার মত যাহার
মাংস অর্দ্ধক্ষয় হইয়াছে যখন বাহিরে তাহার
১৩ মাতার গর্ব্ব হইতে। অতএব মোশা কামনা করিল
যিহুহার ঠাঁই কহিয়া সুস্থ কর তাহাকে আরে ঈশ্বর
আমি মিনতি করি তোমাকে।
১৪ যিহুহা কহিলেন মোশাকে যদি তাহার পিতা
কেবল চেপ দিত তাহার মুখে তবে কি তাহার সাত
দিনের লজ্জা হইত না সৈন্য স্থলের বাহির কর
তাহাকে সাত দিন তারপর ভিতরে আইসুক।
১৫ অতএব মারিয়ামকে সৈন্য স্থলের বাহির করিয়াছে
সাত দিন ও লোক যাত্রা করিল না যাবৎ পর্য্যন্ত
১৬ মারিয়ামকে ভিতরে আনয়ন না ছিল। তারাপর
লোক ক্ষজরোত ছাড়িয়া টোল ফেলিল পারন
অরন্যে।

পর্ব্ব যিহুয়া ও মোশাকে এ কথা কহিলেন লোককে
১৩ পাঠাও যানায়ঁন দেশ তজবিজ করিতে যাহা আমি দেই
যিশরলের সন্তানেরদিগকে তাহারদের পিতৃর প্রতি
৩ গোষ্ঠীর একং জন অধ্যক্ষ। তখন যিহুহার আজ্ঞা
নুযায়ি মোশা পাঠাইল তাহারদিগকে পারন বন হইতে
৪ সকলে যিশরালের সন্তানেরদের প্রধান। এইং তাহার
দের নাম রাওবনের গোষ্ঠীর জখোরের পুত্র শমোওা।
৫ ৬ শিমওোনের গোষ্ঠীর ক্ষোরির পুত্র শফট। যিহোদার
৭ গোষ্ঠীর যিফনার পুত্র যলব। যিশস্খরের গোষ্ঠীর
৮ যুসফের পুত্র যিগাল। আফ্রিমের গোষ্ঠীর নোনের পুত্র

৯ হোশাঁ। বেনিয়মনের গোষ্ঠীর রফুয়ার পুত্র পল্টি,
১০ ১১ জবুলনের গোষ্ঠীর সোদির পুত্র গদিএল। যুসফের
গোষ্ঠী তাহাই মনশার গোষ্ঠীর সোসীর পুত্র গদি।
১২ ১৩ দনের গোষ্ঠীর গমলির পুত্র ওমিএল। আশরের
১৪ গোষ্ঠীর মিখাএলের পুত্র সতোর। নপ্তলির গোষ্ঠীর
১৫ বফসির পুত্র নহ্বি। গাদের গোষ্ঠীর মখির পুত্র
১৬ গাওয়াল এই সে লোকের নাম যাহারদিগকে মোশা
পাঠাইলেন তজবিজ করিতে সে দেশ এবং মোশা
রাখিলেন নোনের পুত্র হোশাঁর নাম যিহোশুয়া।
১৭ মোশা তাহারদিগকে কনাঁয়ন দেশ তজবিজ
করিতে পাঠাইয়া কহিল তোমরা দক্ষিনদিগে যাইয়া
১৮ পর্ব্বতে উঠহ এবং দেখ দেশ কি প্রকার ও
তাহার বাসী কি বলবান কি দুর্ব্বল অল্প কি বিস্তর
১৯ ও তাহারদের বসত দেশ কি প্রকার ভাল কি মন্দ
ও তাহারদের বসত সহর কি প্রকার টোলে কি
২০ শক্ত গড়ে ও দেশ কি প্রকার খাসা কি পাতলা
ও কাষ্ঠ তাহার মধ্যে কি না। তোমরা নির্ভয় হও
এবং আনহ সে দেশের কিছু ফল তাহাই ছিল
প্রথম পাকা দ্রাক্ষার সময়।
২১ অতএব তাহারা যাইয়া দেশ তজবিজ করিল চিন
অরন্য হইতে রহব পর্য্যন্ত যাহা হ্মতের পথে।
২২ পরে দক্ষিন দেশে যাইয়া উত্তরিল হ্বরোনে যেখানে
উনকের পুত্রগন আহিমন ও শশী ও তলমি।
হ্বরোনের গঠন ছিল সাত বৎসর মিসরের
২৩ চওনের পূর্ব্বে। পরে তাহারা গেল আস্কুল নদীতে

ও সে স্থান হইতে কাটিয়া লইল একখান ডাল
যাহাতে এক থোকা দ্রাক্ষা ও তাহারা মাইঙ্গ করিয়া
বহিল তাহা দুই জনের স্কন্ধে তাহারা ও লইল কিছু
২৪ দাড়িম্ব ও ডম্বুর ফল। সে স্থানের নাম আস্কূল নদী
সে দ্রাক্ষা থোকার কারন যাহা য়িশরালের সন্তানেরা
২৫ কাটিল সেখানে। তাহারা চল্লিশ দিনের পরে
ফিরিল দেশ তজবিজ করন হইতে।
২৬ পরে তাহারা যাইয়া পৌঁছিল মোশা ও আহারন
ও য়িশরালের সন্তানের সকল মণ্ডলির নিকট পারন
অরন্যের কদেশে ও বিবরন কহিল তাহারদিগকে
ও য়িশরালের সকল মণ্ডলিকে ও দেশের ফল
২৭ দেখাইল তাহারদিগকে। তাহারা কহিয়া বলিল
তাহাকে আমরা গেলাম সে দেশে যেখানে তুমি
পাঠাইলা আমারদিগকে ও তাহা নিতান্ত দুগ্ধ মধু
২৮ পূর্ন এ ও তাহার ফল কিন্তু দেশের প্রজাও বলবান
ও সহর দেয়ালে বেড়া এবং অতি বড় আমরা ও
২৯ দেখিলাম উনকের সন্তান সেখানে। উমলকীরা
বাস করে দক্ষিন দেশে ও হুতী ও য়িবোসী ও
আমরী বসতি করে পর্ব্বতে ও খনাঁয়নীরা বসতি
৩০ করে সমুদ্র ও য়িৰ্দনের কিনারায়। তখন খলন চুপ
করাইল সে লোককে মোশার সন্মুখে বলিয়া আমরা
একেবারে যাইয়া তাহা করতল করি আমরা অবশ্য
৩১ তাহা জয় করিতে পারি। কিন্তু যে লোক গিয়াছিল
তাহার সহিত কহিল আমরা যাইতে পারি না সে

লোকের সহিত রন করিতে তাহারাই আমারদিগ হইতে
৩২ বলবান ও তাহারা সে দেশের মন্দ নাম কহিল যাহা
তজবিজ করিয়াছিল কহিয়া য়িশরালের সন্তানের
দিগকে যে দেশ আমারা তজবিজ করিতে গেলাম তাহা
এক পুজা খাগি দেশ ও যে লোক দেখিলাম তাহাতে
৩৩ তাঁহারা বড় লম্বা মানুষ সেখানে ও আমরা দেখিলাম
উনকের সন্তান বীরগনকে বীর বংশই আমরা ও
ছিলাম ফড়িঙ্গের মত আপনারদের দৃষ্টে সে মত
ও ছিলাম তাহারদের দৃষ্টে।

পর্ব্ব ১৪ অতএব সকল মণ্ডলি ওষ্ঠরব করিয়া ক্রন্দন করিল
এবং লোক রোদন করিল সে সমস্ত রাত্রি ও
য়িশরালের সকল সন্তান কচ্‌ করিল মোশা ও
আহারনের সহিত ও সকল মণ্ডলি বলিল আহা যদি
৩ আমরা মরিতাম মিসরের কিম্বা এ বনে। য়িহহা কেন
আনিয়াছেন আমারদিগকে এ দেশে তলোয়ারের
কোপে পড়ন ও আমারদের স্ত্রী জাওয়ান লুট হওনের
কারন মিসরে ফিরন কি আমারদের ভাল নহে।
৪ তাহারা ও পরস্পর বলিল আইস আমরা এক জন প্রধান
৫ করিয়া পুনর্ব্বার যাই মিসরে। তখন মোশা ও
আহারন হুবড়িয়া পড়িল য়িশরালের সন্তানের
সমস্ত মণ্ডলির সভার সন্মুখে।

৬ যাহারা দেশ তজবিজ করিল তাহারদের মধ্যে
নোনের পুত্র য়িহোশুয়া ও য়িফনার পুত্র খলব বস্ত্র
৭ চিরিয়া কহিল য়িশরালের সন্তানের সকল
সভাকে যে দেশ আমরা তজবিজ করিতে গেলাম

৮ তাঁহা অতিভাল দেশ যদি য়িহুহার সন্তোষ আমারদের
মধ্যে তবে আমারদিগকে সে দেশে আনিয়া তাহা
দিবেন আমারদিগকে সে দেশই দুগ্ধ মধু পূর্ণ ।
৯ কেবল হুজ্জুত করিও না য়িহুহার সহিত সে দেশের
লোককে ও ভয় করিও না তাহারাই আমারদের ভক্ষ্য
তাহারদের আবরু গিয়াছে তাহারদিগ হইতে ও
য়িহুহা আছেন আমারদের সহিত তাহারদিগকে
১০ ভয় করিও না । কিন্তু সকল মণ্ডলি তাহারদিগকে
পাথর মারিতে বলিল । তখন য়িহুহার তেজ দেখা
গেল মণ্ডলির পবিত্র তাম্বুর মধ্যে য়িশ্রায়েলের সকল
সন্তানের গোচরে ।

১১ য়িহুহা কহিলেন মোশিকে এ লোক কত দিন ত্যক্ত
করাইবে আমাকে কতক্ষণে হবে তাহারদের আমাকে
আস্থা করন পর্য্যন্ত সে সকল চিহ্নতে যাহা আমি
১২ দেখাইয়াছি তাহারদের মধ্যে । আমি মড়কে মারিব ও
নিরাধিকার করাইব তাহারদিগকে পরে তোমা হইতে
উৎপন্ন করাইব এক বর্ণ তাহারদিগ হইতে অধিক ও
১৩ বলবান । তখন মোশা কহিল য়িহুহাকে আপনি মহা
বল করিয়া আনিয়াছেন এ লোক মিসরীদের মধ্যে
হইতে দেখ তাহারা ইহা শুনিয়া বলিবে এ দেশের
১৪ গৃহস্থকে । তাহারাই শুনিয়াছে যে আপনি ও য়িহুহা
আছেন এ লোকের মধ্যেখানে ও যে আপনি ও হে
য়িহুহা মুখামুখি দেখা দিতেছেন তাহারদের সহিত ও
যে তোমার মেঘ থাকে তাহারদের ওপর আপনি ও যাই
তেছেন তাহারদের অগ্রে২ দিনে মেঘের স্তম্ভতে ও

১৫ রাত্রিতে অগ্নির স্তম্ভেতে। এবে আপনি যদি বধ করেন
এ সকল লোককে যেমন এক জন তবে যে বর্ণগান শুনি
১৬ য়াছে মোর পৌরুষ তাহারা এ কথা কহিবে যিহুহা
আনিতে পারিলেন না তাহারদিগকে সে দেশে যাহা
কিরা করিয়াছিলেন অতএব নাশ করিয়াছেন তাহার
১৭ দিগকে অরণ্যেতে। এখন আমি মিনতি করি
তোমাকে হউক যেন আমার প্রভুর পরাক্রম বড় হয়
১৮ তোমার এ কথারানুযায়ি যিহুহা বহুকাল ক্ষমা
বন্ত ও বড় দয়ালি অযথার্থ ও দুষ্টের মাফ
কর্ত্তা ও যিনি কোন মতে খালাস করেন না অপ
রাধিকে পিতার অযথার্থের ভোগ করেন সন্তানের
১৯ ওপর তৃতীয় ও চতুর্থ পুরুষ পর্য্যন্ত। আমি কাকুতি
করি তোমাকে মাফ কর এ লোকের অযথার্থ
তোমার দয়ার মহত্বানুযায়ি ও যেমন মাফ করিয়াছ
২০ এ লোকেরদিগকে মিসর অবধি এখন পর্য্যন্ত। তখন
যিহুহা কহিলেন আমি মাফ করিয়াছি তোমার
২১ কথানুযায়ি কিন্তু নিতান্ত যদি আমি জীবত তবে
২২ সকল পৃথিবী হইবে যিহুহার তেজপূর্ণ। সে সমস্ত
লোকই যে দেখিয়াছে আমার তেজ ও আশ্চর্য্য কার্য্য
যাহা মিসর ও অরণ্যেতে করিয়াছি ও আমার
পরিক্ষা করিয়াছে এ দশবার ও আমার কথা মানে না
২৩ অবশ্য তাহারা সে দেশ দেখিতে পাইবে না যাহার
বিষয় আমি কিরা করিলাম তাহারদের পিতৃগনেকে
এ যাহারা কষ্ট করাইল আমাকে তাহারেদের কেহ তাহা
২৪ দেখিবেক না কেবল আমার সেবক খলর তাহার

অন্য আত্মা ছিল ও সে আমার পূর্ণ পশ্চাতগামী
ছিল অতএব তাহাকে আনিব সে দেশে যাহাতে গিয়া
ছিল এবং তাহার সন্তান অধিকার পাইবে তাহাতে।
২৫ উরাবি সমুদ্রের পথে কল্য যাইয়া ফির এবং
অরন্যাতে যাও। তৎকালে উমলকীরা ও খনাঁয়নীরা
বসতি করিল যাহেট।
২৬ য়িহহা ও এ কথা কহিলেন মোশা ও আহারনকে
২৭ কতকাল সহিষ্ণুতা করিব এ দুষ্ট পুরুষ যে কচর
করে আমার সহিত আমি শুনিয়াছি য়িশরালের
সন্তানের কচর যাহা তাহারা করে আমার
২৮ সহিত কহ তাহারদিগকে য়িহহা বলেন যদি
আমি জীবত তবে যেমত তোমরা কহিয়াছ আমার
২৯ কর্ণে সেমত করিব তোমারদিগকে তোমারদের শব
পড়িবে এ অরন্যাতে ও তোমারদের যেৎ লোক গনা
গেল কুড়ি বৎসর বয়ক্রমাবধি যাহারা কচর
৩০ করিল আমার সহিত। অবশ্য য়িফনার পুত্র
খলব ও নোনের পুত্র য়িহোশুয়া ব্যতিরেক তোমরা
আসিবা না সে দেশে যাহার বিষয় আমি কিরা
করিলাম তাহার মধ্যে বাস করাইতে তোমারদিগকে।
৩১ কিন্তু তোমারদের ছালিয়া যাহারদিগকে বলিলা
লুট হইবে তাহারদিগকে ভিতরে আনিব তাহারা
ও জানিবে সে দেশ যাহা তোমরা তুচ্ছ করিয়াছ।
৩২ কিন্তু তোমরাই তোমারদের মরা পড়িবে এ অরন্যাতে
৩৩ ও তোমারদের সন্তান অরন্যে বেড়াইবে চল্লিশ
বৎসর ও ভোগ করিবে তোমারদের অক্রিয়া যাবৎ

৩৪ পর্য্যন্ত তোমাদের মরা সড়িয়া যায় অরণ্যতে।  সে
দিনানুযায়ি যাহাতে দেশ তজবিজ করিলা তোমারদের
পাপের ভোগ করিবা চল্লিশ দিন পুতি দিনের হবে
এক বৎসর তাহাই চল্লিশ বৎসর তোমরা ও আমার
৩৫ করার ভঙ্গন জানিবা আমি যিহূহাই কহিয়াছি আমি
অবশ্য তাহা করিব এ সমস্ত দুষ্ট মণ্ডলিকে যাহা সভা
হয় আমার বিপরিতে তাহারা সকলে সংহারি হবে এ
৩৬ অরণ্যে ও মরিবে সেখানে। যে লোক মোশা পাঠাইল
দেশ তজবিজ করিতে যাহারা ফিরিয়া কচং করাইল
৩৭ সকল মণ্ডলিকে সে দেশের বদনাম কহিয়া  সেই
লোক যে দেশের মন্দ কহিল তাহারাই মড়কে মরিল
যিহূহার সন্মুখে কিন্তু যাহারা দেশ তজবি তকরিতে
৩৮ গেল তাহারদের মধ্যে নোনের পুত্র যিহোশুয়া ও
৩৯ যিফনার পুত্র খলন বাঁচিল।  তখন মোশা এ কথা
কহিলেন যিশরালের সকল সন্তানেরদিগকে তাহাতে
৪০ লোক বহুত ক্রন্দন করিল। পরে তাহারা ভোরে উঠিয়া
গেল পর্ব্বতের মাথায় কহিয়া দেখ আমরা পাপ
করিয়াছি এখন আমরা হাজির আছি আমরা যাইব
৪১ সে স্থানে যাহা যিহূহা দিতে করারি করিয়াছেন। কিন্তু
মোশা কহিল কি নিমিত্ত লঙ্ঘ ঈশ্বরের আজ্ঞা তোমরা
৪২ তাহাতে তোমারদের ভাগ্য হবে না। যিহূহা তোমার
দের মধ্যে নহেন অতএব যাইও না পাছে মারা যাবা
৪৩ তোমারদের শত্রুরদের হাতে। উমলকী ও খনাঁয়নীরা
সেখানে তোমারদের অগ্রে ও তোমরা পড়িবা
তলোয়ারের প্রহারে তোমরাই ফিরিয়াছ যিহূহা হইতে

৪৪ অতএব যিহুহা হইবেন না তোমারদের সাতি। কিন্তু
তাহারা পর্ব্বতের মাথায় যাইতে লাগিল কিন্তু
যিহুহার বন্দোবস্তের সিন্দুক ও মোশা গেল না সৈন্য
৪৫ ষ্হল হইতে তখন উমলকী ও মনায়নী যাহারা
পর্ব্বতে বাস করিল নামিয়া মারিল তাহারদিগকে
ও ছড়িয়া ফেলাইল তাহারদিগকে হরমা পর্য্যন্ত।

পর্ব্ব যিহুহা ও এ কথা কহিলেন মোশাকে। কেহ যিশরা
১৫ লের সন্তানেরদিগকে যখন তোমরা আমার দত্ত
৩ তোমারদের অধিকার দেশে উত্তরিয়া গরু কি
মেষের পালহইতে অগ্নিকৃত উৎসর্গ করিতে
চাহ যিহুহাকে আহুতিই কিম্বা বলিদান মানন
পূর্ণ করনেতে কিম্বা ঐচ্ছিক উৎসর্গেতে কিম্বা
তোমারদের নিরূপিত পর্ব্বতে সুগন্ধ করাইতে
৪ যিহুহার কাছে তখন সে যজমান তাহার নিবেদ
নার্থ ইয় চরু আনুক যিহুহার কাছে এক দশমাংশ
শুজি হিনের চতুর্থাংশ তৈলের সহিত মিশ্রিত।
৫ ও প্রস্তুত কর হিনের চতুর্থাংশ দ্রাক্ষা রস
পানীয় উৎসর্গের কারন সে আহুতি কি বলি
৬ দানের সহিত একং মেষের বাচ্চার কারন। কিম্বা
মেষের কারন চরু প্রস্তুত কর দুই দশমাংশ শুজি
৭ মিশ্রিত হিনের তৃতীয়াংশ তৈলের সহিত। ও
পানীয় উৎসর্গের কারন দিও হিনের তৃতীয়াংশ
৮ দ্রাক্ষা রস এক সুগন্ধি যিহুহাতে। বলদ হোম
কি বলিদনার্থে প্রস্তুত করন কালে মানন পূরাইতে

৯ কিম্বা স্বস্ত্যয়ন করিতে য়িহুহার ঠাঁই তৎকালে
চরু আনুক বলদের সহিত তিন দশমাংশ
১০ শুজি মিশ্রিত অর্দ্ধহিন তৈলের সহিত এমন
ও অর্দ্ধহিন দ্রাক্ষারস পানীয় ওৎসর্গের কারন
এই অগ্নিকৃত ওৎসর্গ য়িহুহার বর্ত্তমান সুগন্ধের
১১ কারন । এমন করিতে হবে এক বলদ এক মেষ
১২ কিম্বা এক মেষ কি ছাগলের বাচ্চার কারন । যত
প্রস্তুত করিবা তেমনে তাহারদের এককেকে সঙ্খ্যা
১৩ নুযায়ি । দেশে জন্মিত সকল লোক এমন করুক
অগ্নিকৃত সুগন্ধ ওৎসর্গ করিতে য়িহুহার কাছে ।
১৪ কোন বিদেশী যে বাস করে তোমারদের সহিত
কিম্বা যেং কেহ থাকে তোমারদের মধ্যে তোমারদের
পুরুষানুক্রমে যদি অগ্নিকৃত ওৎসর্গ করিতে চাহে
য়িহুহার বিদ্যমান তবে যেমন তোমরা কর তেমন ও
১৫ সে করুক । তোমরা মণ্ডলি লোক ও বিদেশী যে
বাস করে তোমারদের সহিত তোমারদের হইবেই
এক বিধি সদাকালের বিধিই তোমারদের পুরুষানু
ক্রমে যেমত তোমরা সেমত বিদেশী য়িহুহার
১৬ সাক্ষাতে এক ব্যবস্থা ও এক মত হবে তোমারদের
ও বিদেশীর কারন যে বাস করে তোমারদের
সহিত ।

১৭ য়িহুহা ও কহিলেন এ কথা মোশাকে । কহ য়িশ্রা
লের সন্তানেরদিগকে যে দেশে আমি আনিতেছি
১৮ তোমারদিগকে তাহাতে প্রবেশিয়া ইহা হবে যখন
তোমরা যাও সে দেশের শস্য তখন ওৎসর্গ

কর এক বরনীয় ওৎসর্গ য়িহোহার কাছে।
২০ তোমারদের ছানা শুজির পুথমের এক রুটি দিও
বরনীয় ওৎসর্গের কারন যেমন খামারের বরনীয়
২১ ওৎসর্গ তেমন তাহা বরন কর। তোমারদের
ছানা শুজির পুথম কিছু ওৎসর্গ করিয়া দেও
য়িহোহাকে এক বরনীয় ওৎসর্গ তোমারদের পুরুষা
নুক্রমে।
২২ যদি তোমরা চুক করিয়া থাক এবং এ সকল
আজ্ঞা মানিয়া থাক না যাহা য়িহোহা কহিয়াছেন
২৩ মোশাকে সে সকলই যাহা য়িহোহা আজ্ঞা করিলেন
তোমারদিগকে মোশার মারফত সে দিবসাবধি
যাহাতে য়িহোহা আজ্ঞা করিলেন এবং তারপর
২৪ তোমারদের পুরুষানুক্রমে। তখন এমন হবে
যদি কোন কার্য্য অজ্ঞানেতে করিয়া থাকে ও মণ্ডলি
তাহা জ্ঞাত নহে তবে সকল মণ্ডলি ওৎসর্গ করুক
এক যুবা বলদ আহুতির কারন সুগন্ধের নিমিত্ত
য়িহোহার পুতি তাহার চরু ও পানীয় ওৎসর্গের
সহিত ব্যবহারানুযায়ি ও এক ছাগলের বাচ্চা পাপ
২৫ ওৎসর্গের কারন। তাহাতে যাজক পায়শ্চিত্ত করুক
য়িশরালের সন্তানেরদের সকল মণ্ডলির কারন ও
তাহারদের সে ক্রিয়া অজ্ঞাত কারনে মাফ করিতে
হবে। পরে আনুক তাহারদের ওৎসর্গ অগ্নি
কৃত একটা বলিদান য়িহোহাকে ও আনুক তাহারদের
পাপ ওৎসর্গ য়িহোহার সন্মুখে তাহারদের অজ্ঞাত

২৬ ক্রিয়ার কারন তাহাতে য়িশরালের সন্তানেরদের
সকল মণ্ডলি ও তাহারদের সহবাসী বিদেশীর
ক্রিয়া মাফ করিতে হবে কেননা তাহারদের অজ্ঞাত
হইল।

২৭ যদি কোন প্রানী অজ্ঞাত পাপ করে তবে সে
আনুক এক বৎসরীয় একটা ছাগী পাপ ভৎর্গার
২৮ কারন। পরে যাজক প্রায়শ্চিত্ত করুক সে প্রানীর
কারন যে অজ্ঞাত হইয়া পাপ করিয়াছে যখন সে
অজ্ঞাত হইয়া পাপ করে য়িহুহার সন্মুখে প্রায়শ্চিত্ত
করিতে তাহার কারন ও তাহার ক্রিয়ার মাফ হবে।
২৯ তোমরা য়িশরালের সন্তানেরদের স্বজাতি ও
সহবাসী বিদেশী যাহারা অজ্ঞাত পাপ করে তাহার
৩০ দের এক ব্যবস্থা হবে। কিন্তু যে প্রানী জ্ঞাত হইয়া
কিছু করে নির্ভয় যদি দেশে জন্মিত কিম্বা বিদেশী
সে নিন্দা করে য়িহুহাকে ও সে প্রানীকে ছেদন
৩১ করিতে হবে তাহার লোকেরদিগ হইতে কেননা সেই
তুচ্ছ করিয়াছে য়িহুহার কথা ও ভাঙ্গিয়াছে তাঁহার
আজ্ঞা সে প্রানী ঘোলয়ানা ছেদন হবে আপার
অপরাধ আপনি ভোগ করিবে।

৩২ য়িশরালের সন্তানেরা অরন্যেতে থাকন কালে
পাইল এক জন যে কাষ্ঠ একত্র করিল শাবত দিনে।
৩৩ যাহারা পাইল তাহাকে কাষ্ঠ একত্র করনেতে তাহারা
আনিল তাহাকে মোশা ও আহারন ও সকল মণ্ডলির
৩৪ সাক্ষাত ও কএদ করিল তাহাকে কেননা যাহা করিতে
৩৫ হবে তাহা প্রকাশ ছিল না। তখন য়িহুহা কহিলেন

যোশাকে এ মানুষকে অবশ্য মারিতে হবে সকল
মণ্ডলি পাথর মারুক তাহাকে সৈন্য স্থলের বাহিরে।
৩৬ তাহাতে সকল মণ্ডলি তাহাকে সৈন্য স্থলের বাহিরে
আনিয়া পাথর মারিয়া খুন করিল যেমন যিহুহা
আজ্ঞা করিয়াছিলেন যোশাকে ।

৩৭ যিহুহা ও কহিলেন এ কথা যোশাকে যিশরালের
৩৮ সন্তানেরদিগকে কহিয়া ঝুঁপি করন আজ্ঞা দেও
তাহারদের পরিচ্ছদের অঞ্চলে তাহারদের পুরুষানুক্রমে
ও ঝুঁপির ওপর নীলা রঙ্গের ফিতা বান্ধিতে হবে।
৩৯ তাহা হবেক তোমারদের এক ঝুঁপির কারন
তোমারদের তাহাতে দৃষ্টি করনেতে যিহুহার সকল
আজ্ঞা মনে পাইবার ও করিবার তরে এবং আপনার
দের অন্তঃকরন ও আপনারদের চক্ষুর অভিলাষ না
করনার্থে যাহার পশ্চাৎ তোমরা অসৎক্রিয়া করিতে
৪০ গিয়াছিলা ও তোমরা স্মরন পাইয়া আমার আজ্ঞা
করন ও তোমারদের ঈশ্বরের কারন হওনার্থে।
৪১ আমি যিহুহা তোমারদের ঈশ্বর যে আনিলাম
তোমারদিগকে মিসর দেশ হইতে তোমারদের ঈশ্বর
হইবার জন্য। আমিই যিহুহা তোমারদের ঈশ্বর।

পর্ব্ব ১৬ লোঈর পুত্র কহতের সন্তান যিচহরের পুত্র করক্ষ
ও রাওবনের সন্তান আলিয়াবের পুত্রেরা দতন ও আবী
২ রম ও পলতের পুত্র আওন যিশরালের সন্তানেরদের
আর কতক লোক সভার অধ্যক্ষ মণ্ডলিতে পৌরুষী